কোটি কোটি টাকার ঈদ সালামি অফার
minister
Voice Control Smart Tv
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
58MG8000P ~~৭১,৯৩৫~~
৳৬৬,৯০০
৫৮"
বিস্তারিতঃ ০৯৬০৬ ৭০০৭০০
*শর্ত প্রযোজ্য



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

মঙ্গলবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫৯ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ০৬ আষাঢ় ১৪৩০ ॥ ০১ জিলহজ্জ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২০ জুন ২০২৩

কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700



## ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান আহসানুল আলম

**নিজস্ব প্রতিবেদক :** ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর বোর্ড অব ডাইরেক্টরসের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন আহসানুল আলম। ১৯ জুন ২০২৩, সোমবার ব্যাংকের ৩২৪তম বোর্ড সভায় সর্বসম্মতিক্রমে তিনি চেয়ারম্যান নির্বাচিত হন। এর আগে তিনি ইউনিয়ন ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান ২-এর পাতায় দেখুন

## ইসির কার্যক্রমে সন্তুষ্ট রাষ্ট্রপতি : আহসান হাবিব



**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন কাজী হাবিবুল আউয়াল নেতৃত্বাধীন নির্বাচন কমিশন (ইসি)। গতকাল সোমবার দুপুর সাড়ে ১২টায় বঙ্গভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়ালের নেতৃত্বাধীন কমিশন এ সাক্ষাৎ করেন। সিইসির ২-এর পাতায় দেখুন

## বুধবার প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন



**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সাম্প্রতিক সুইজারল্যান্ড সফরের ফলাফল সম্পর্কে গণমাধ্যমকে অবহিত করতে সংবাদ সম্মেলনে ভাষণ দেবেন। প্রেস সচিব ইহসানুল করিম বলেন, বুধবার দুপুর ১২টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সংবাদ সম্মেলন ২-এর পাতায় দেখুন

## তথ্যমন্ত্রীকে নিয়ে মিথ্যা তথ্য প্রচার : নাজমুস সাকিবসহ ৮ জনের নামে মামলা



**নিজস্ব প্রতিবেদক :** তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ ও তার পরিবারের সদস্যদের জড়িয়ে রাজনৈতিক ও রাষ্ট্রীয়ভাবে হেয়প্রতিপন্ন করার উদ্দেশ্যে মিথ্যা, অসত্য ও বানোয়াট তথ্য সংবলিত ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে আপলোডের ২-এর পাতায় দেখুন

### নির্বাহী ম্যাজিস্ট্রেটদের ব্যাপক ক্ষমতা প্রদান

# ফসলি জমি থেকে বালু তোলার পথ বন্ধ হচ্ছে

**নিজস্ব প্রতিবেদক :** ফসলি জমি থেকে বালু তোলা বন্ধ করতে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন সংশোধন করতে যাচ্ছে সরকার।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সোমবার তার কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন, ২০২৩ এর খসড়া চূড়ান্ত অনুমোদন পায়।



সভা শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন সাংবাদিকদের বলেন, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনায় ২০১০ সালের একটি আইন আছে। ২০১১ সালে এ সংক্রান্ত একটি বিধিমালাও করা হয়।

আগের আইনের কিছু সংশোধন করা হচ্ছে জানিয়ে তিনি বলেন, "যেসব এলাকা থেকে বালু বা মাটি উত্তোলন নিষিদ্ধ ছিল, সেখানে ফসলি জমি অন্তর্ভুক্ত ছিল না। এখন ফসলি জমি অন্তর্ভুক্ত করা হয়েছে।

"কোনো ফসলি ২-এর পাতায় দেখুন

## মিনিস্টার মাইওয়ান গ্রুপ দেশের বাজারে বিপুল জনপ্রিয়তা অর্জন করে বিশ্ব দরবারে এগিয়ে যাচ্ছে

**এই আমার দেশ প্রতিবেদক :** বিশ্বজুড়ে আধুনিকায়নের ফলে ইলেক্ট্রনিক্স পণ্য সমূহ আজ নিত্যপ্রয়োজনীয় জিনিসে পরিণত হয়েছে। মানুষের চাহিদার সাথে যোগানের সামঞ্জস্য করতে তাই উদ্যোক্তারা দেশের অভ্যন্তরেই ইলেক্ট্রনিক্স পণ্য উৎপাদন শুরু করেছেন। তারই ধারাবাহিকতায় মিনিস্টার-মাইওয়ান গ্রুপ ২০০২ সালে যাত্রা শুরু করে টেলিভিশন ম্যানুফ্যাকচারিং এর মধ্যদিয়ে। বর্তমানে তারা তৈরি করছে ২০ টির ও অধিক ইলেক্ট্রনিক্স পণ্য যা দেশীয় বাজারে বিপুল জনপ্রিয়তা অর্জন করে এগিয়ে যাচ্ছে বিশ্ব দরবারে নিজেদের উপস্থাপন করতে। উন্নত প্রযুক্তি আর মানে ভালো কিন্তু দামে কম এই ব্যাপারগুলোর সমন্বয় সাধন করে তারা পণ্য তৈরি করছে বিধায় আজকে বাংলাদেশের বাজারে বৃহত্তর জনগোষ্ঠীর ঘরে ঘরে তাদের পণ্য পৌঁছে গেছে। এই বিষয়সমূহ নিয়ে দৈনিক আমাদের সময়ের সাথে বিস্তারিত কথা বলছেন মিনিস্টার গ্রুপের চেয়ারম্যান ও এফবিসিসিআইয়ের সহসভাপতি এম এ রাজ্জাক খান রাজ।

আমাদের সময়ঃ মিনিস্টার গ্রুপের যাত্রা শুরুর গল্পটা কেমন ছিল? বিনিয়োগ ছিল কেমন?

এম এ রাজ্জাক খান রাজঃ উচ্চ মাধ্যমিক শেষে উচ্চতর শিক্ষার জন্য সিঙ্গাপুর গমন করি। কিন্তু সব সময়ই ইচ্ছে ছিল দেশে কিছু করার। তাই ১৯৯৯ সালে পড়াশোনা শেষ করে দেশে ফিরে আসি। সে সময় বিশ্বমানের একটি দেশীয় ইলেকট্রনিকস ব্র্যান্ডের অভাব বোধ করছিলাম। ২০০২ সালে মাত্র পাঁচজন কর্মী নিয়ে যাত্রা শুরু করি। তখন মূলধন ছিল মাত্র পাঁচ লাখ টাকা।

আমরা ২০০৫ সালে প্রথম ফ্রিজ অ্যাসেম্বলিং শুরু করেছি এবং ২০১৩ সাল থেকে নিজস্ব কারখানায় ম্যানুফ্যাকচারিং শুরু করেছি। সকলের সহযোগিতা ও ভালবাসায় আমরা সফলতার সঙ্গে ২১ বছর পার করলাম। দেশের মানুষের ভালবাসা ও সমর্থন ছাড়া আমরা এতদূর আসতে পারতাম না। এই সফলতার পেছনে সব থেকে বড় অবদান ডিজিটাল বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার। তার সহযোগিতায় আজ আমরা দেশীয়ভাবেই সব ধরনের পণ্য বাজারে নিয়ে আসতে পেরেছি। প্রতিষ্ঠার অল্পদিনের মধ্যেই দেশের সুপরিচিত ব্র্যান্ড হিসাবে আমরা জনপ্রিয়তা অর্জন করি এবং দেড় যুগ পেরিয়েও সেই জনপ্রিয়তা অক্ষুণ্ন রাখার জন্য অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছি।

ধন্যবাদ সেই সকল গ্রাহকদের প্রতি যাদের আস্থা ও বিশ্বাসে আমরা আজ এই অবস্থানে পৌঁছাতে পেরেছি।

**দৈনিক এই আমার দেশ ঃ** কবে ২-এর পাতায় দেখুন



**এম এ রাজ্জাক খান রাজ**
চেয়ারম্যান
মিনিস্টার মাইওয়ান গ্রুপ
ভাইস প্রেসিডেন্ট, এফবিসিসিআই

## ২৯ জুন পবিত্র ঈদুল আজহা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ২৯ জুন বৃহস্পতিবার পবিত্র ঈদুল আজহা পালিত হবে।

বাংলাদেশের আকাশে গতকাল ১৪৪৪ হিজরি সনের পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা গিয়েছে। ফলে আজ ২০ জুন মঙ্গলবার থেকে পবিত্র জিলহজ মাস গণনা করা হবে।

গতকাল সন্ধ্যায় বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২-এর পাতায় দেখুন

# পদ্মা সেতুর ঋণের ৩য় ও ৪র্থ কিস্তি পরিশোধ

**নিজস্ব প্রতিবেদক :** নিজস্ব অর্থায়নে নির্মিত দেশের সর্ববৃহৎ অবকাঠামো পদ্মা সেতু নির্মাণ প্রকল্পের জন্য গৃহীত ঋণের ৩য় ও ৪র্থ কিস্তির ৩১৬ কোটি ২ লাখ ৬৯ হাজার ৩৯৯ টাকা পরিশোধ করেছে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বিবিএ)।





গতকাল সোমবার সকাল ১০ টার দিকে আনুষ্ঠানিকভাবে সরকারের অর্থ বিভাগের কাছে এ চেক হস্তান্তর করেন সেতু বিভাগের সচিব এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মো. মনজুর হোসেন।

এসময় উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, মন্ত্রিপরিষদের অন্যান্য সদস্যরা, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, সিনিয়র সচিব, সচিব ও সাংবাদিকরা। উল্লেখ্য, গত ৫ এপ্রিল ২০২৩ তারিখে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ৩১৬ কোটি ৯০ লাখ ৯৭ হাজার ২-এর পাতায় দেখুন

## সনাতন ধর্মাবলম্বীদের রথযাত্রা উৎসব আজ

**নিজস্ব প্রতিবেদক :** সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় অনুষ্ঠান শ্রী শ্রী জগন্নাথদেবের রথযাত্রা উৎসব শুরু হচ্ছে আজ। সনাতনী রীতি অনুযায়ী, প্রতি বছর চন্দ্র আষাঢ়ের শুক্লপক্ষের দ্বিতীয়া তিথিতে শুরু হয় জগন্নাথদেবের রথযাত্রা।

বর্ণাঢ্য শোভাযাত্রাসহ নানা ধর্মীয় অনুষ্ঠানমালার মাধ্যমে আনন্দমুখর পরিবেশে আট দিনব্যাপী শ্রী শ্রী জগন্নাথ দেবের রথযাত্রা মহোৎসবের আয়োজন করা হয়েছে। আগামী ২৭ জুন বিকাল ৩ টায় উল্টো রথের বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে এই উৎসব শেষ হবে। সনাতন ধর্মাবলম্বীদের বিশ্বাস, জগন্নাথদেব হলেন জগতের নাথ বা অধীশ্বর। জগৎ হচ্ছে বিশ্ব আর নাথ হচ্ছেন ঈশ্বর। তাই জগন্নাথ

## ঈদের ছুটি বাড়ল একদিন

**নিজস্ব প্রতিবেদক :** আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে ঈদের ছুটি একদিন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা। আগামী ২৭ জুন ছুটি অনুমোদন করা হয়েছে। যার ফলে এবার ঈদে আগামী ২৭ জুন থেকে ১ জুলাই পর্যন্ত টানা পাঁচদিনের ছুটি পাচ্ছেন সরকারি কর্মকর্তা ও কর্মচারীরা। বৈঠকের একটি দায়িত্বশীল সূত্র গণমাধ্যমকে এ তথ্য ২-এর পাতায় দেখুন

# সারা দেশে ৩ লাখ ৫৬ হাজার পদ শূন্য : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জানিয়েছেন, সারা দেশে সরকারের বিভিন্ন পদে ৩ লাখ ৫৫ হাজার ৮৫৪টি পদ শূন্য রয়েছে।



গতকাল সোমবার জাতীয় সংসদে কাজিম উদ্দিন আহম্মেদের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠকের শুরুতে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়। ওই সংসদ সদস্যের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান, দেশের সব মন্ত্রণালয় ও অধিদপ্তর ও মাঠ প্রশাসনে তিন লাখ ৫৫ হাজার ৮৫৪টি পদ শূন্য রয়েছে। প্রতিমন্ত্রীর তথ্য অনুযায়ী, জনপ্রশাসনে অনুমোদিত পদ ১৪ লাখ ৯ লাখ ৬০৬টি। এর মধ্যে কর্মরত আছেন ১০ লাখ ৪৫ হাজার ৬৪০ জন।

সরকারি দপ্তরে শূন্যপদ পূরণ চলমান প্রক্রিয়া উল্লেখ করে ফরহাদ হোসেন জানান, এ প্রক্রিয়া যথাযথভাবে চলমান রয়েছে। বর্তমানে শূন্য পদ পূরণের জন্য সব মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরেই নিয়োগ প্রক্রিয়া চলমান





## দক্ষতা ও জীবনমান উন্নত করে শিশুদের কাজে লাগাতে হবে মেহেরপুরের ডিসি

**মেহেরপুর প্রতিনিধিঃ** জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে সরকারী শিশু পরিবার (বালক) এর নিবাসীদের দক্ষতা ও জীবনমান উন্নয়ন শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন জেলাপ্রশাসক জনাব মোহাম্মদ আজিজুল ২-এর পাতায় দেখুন

### চুয়াডাঙ্গায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা


## চুরি ডাকাতি ও ছিনতাইরোধে পুলিশি টহল বাড়াতে হবে
### – চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা -২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১০টায় জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে এ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন অনুষ্ঠানটির আয়োজন করে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমূলকা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (ডিডিএলজি) শারমিন আক্তার,



অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, অধ্যাপক সিদ্দিকুর রহমান, প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিন, সদর উপজেলা নির্বাহী অফিসার শামিম ভুইয়া ও পুলিশের পরিদর্শক লুৎফুল কবির, ঈদগাহ কমিটির নেতৃবৃন্দ, ইমাম, চামড়া ব্যবসায়ী, সরকারি কর্মকর্তাবৃন্দ ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

প্রস্তুতিমূলক সভায় ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় ১৪৪ ধারা ভঙ্গ করে পাকা ঘর নির্মাণ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের দেবীনগর গ্রামের কৃষক হাফিজুর রহমানের ১৩ শতক জমি জোর করে দখল করে পাকা ঘর নির্মাণ করছে তার আপন ভাই ও ভাতিজারা। আজ থেকে ৬ বছরে আগে দেবীনগর গ্রামে মাডার ২-এর পাতায় দেখুন

## বিএনপি সরকারের আমলে সার বীজের জন্য কৃষককে গুলি করে হত্যা করা হয়েছে : এমপি চঞ্চল

**কোটচাঁদপুর প্রতিনিধি :** বিএনপি সরকারের আমলে সার বীজের জন্য কৃষককে গুলি করে হত্যা করা হয়েছে। আওয়ামী লীগ সরকারের আমলে গুলি খেয়ে মরতে হয় না। ঘরে বসে সার, বীজ পায় কৃষক। জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিকল্প নেই বাংলাদেশে।



কৃষকের জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছে সরকার। এ দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আবারও নৌকা মার্কায় ভোট দিন।

কোটচাঁদপুরে সার ও বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদহ ৩ ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে তিন দিন ব্যপী "ইউনিয়ন পরিষদ সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণ" কোর্সের সমাপণী



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার ১৭ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান,সদস্য ও সচিবগণের জন্য তিন দিন ব্যপী "ইউনিয়ন পরিষদ সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণ" কোর্স শেষ হয়েছে।

সোমবার বিকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে "ইউনিয়ন পরিষদ সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণ" কোর্সের সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে পাগলা কুকুরের কামড়ে নারী ও শিশুসহ আহত ৩৫

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে পাগলা কুকুরের কামড়ে নারী ও শিশুসহ আহত হয়েছেন অন্তত ৩৫ জন। সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত রায়গ্রাম ইউনিয়ন ও পৌর এলাকার বিভিন্ন এলাকায় এসব মানুষকে কামড়ে জখম করে কুকুরটি। এর মধ্যে ১৭ জন কালীগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়েছেন। অন্যদের স্থানীয়ভাবে ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
মঙ্গলবার ২০ জুন ২০২৩

# ঈদের আগে চিনির দাম কেজিতে বাড়ল ২৫ টাকা



**নিজস্ব প্রতিবেদক :** আগামী ২২ জুন থেকে প্রতিকেজি খোলা চিনি ১৪০ টাকা এবং প্যাকেট চিনি ১৫০ টাকায় বিক্রির সিদ্ধান্ত জানিয়েছেন মিল মালিকরা।

কোরবানির ঈদের আগে ২২ জুন থেকে চিনির দাম কেজিতে সার্বোচ্চ ২৫ টাকা করে বাড়ানোর কথা বাণিজ্য মন্ত্রণালয়কে চিঠি দিয়ে জানিয়েছে মিল মালিকরা।

সামবার শুগার রিফাইনার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বাণিজ্য সচিব বরাবর ওই চিঠি পাঠানো হয়।

বর্তমানে প্রতিকেজি খোলা চিনি ১২০ টাকা এবং প্যাকেট চিনি ১২৫ টাকা নির্ধারিত আছে। তবে সরকার নির্ধারিত এই দাম ব্যবসায়ী-রা মানছেন না।

বাজারে প্রতিকেজি চিনি ১৩৫ টাকা থেকে ১৪০ টাকার মধ্যেই বিক্রি হচ্ছে। নতুন প্রস্তাবে আগামী ২২ জুন থেকে প্রতিকেজি খোলা চিনি ১৪০ টাকা এবং প্যাকেট চিনি ১৫০ টাকা নির্ধারণের কথা জানানো হয়েছে।

নীতিমালা অনুযায়ী, ভোজ্যতেল, চিনিসহ আরও কয়েকটি আমদানি পণ্যের দাম বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের মাধ্যমে নির্ধারণ করে সরকার। দামের অস্থিরতার মধ্যে ব্যবসায়ীরা সম্প্রতি সরকারের দ্বারস্থ হয়ে দাম বৃদ্ধির চেষ্টায় ব্যর্থ হয়ে এখন নিজেদের সিদ্ধান্তেই দাম বাড়িয়ে দিচ্ছেন।

বাণিজ্য সচিবের বরাবর পাঠানো চিঠির ভাষ্য অনুযায়ী, আন্তর্জাতিক ২-এর পাতায় দেখুন

## হোমিওপ্যাথি চিকিৎসক নামের আগে ডাক্তার লিখতে আর বাধা রইল না

**নিজস্ব প্রতিবেদক :** গতকাল সোমবার ১৯/০৬/২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত কেবিনেট মিটিং এ (মন্ত্রী পরিষদ সভায়) নিবন্ধনকৃত সকল হোমিওপ্যাথিক চিকিৎসকগনকে নামের পূর্বে ডাঃ ( উড়পঃড়ৎ) লেখার অধিকার, হোমিওপ্যাথিতে উচ্চ শিক্ষা ও গবেষনার সুযোগ রেখে দীর্ঘ প্রতিক্ষিত হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন -২০২৩ এর চুড়ান্ত অনুমোদন করা হয়েছে।

আমরা হোমিওপ্যাথির অনুরাগী জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী জাহিদ মালিক মহোদয়, মন্ত্রী পরিষদের সকল সম্মানিত সদস্যসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ও আইন মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীগনের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। গাংনী উপজেলার হোমিওপ্যাথিক চিকিৎসক কল্যাণ সংস্থা সভাপতি ডাক্তার মোঃ মাহাফিজুর রহমান সেন্টু, বলেন আমরা হোমিও চিকিৎসকরা এক অস্বস্তিকর পরিস্থিতির মধ্যে দীনপাত করিতেছিলাম আজকে মন্ত্রিসভায় সিদ্ধান্ত নামের আগে ডাক্তার লিখা যাবে এই সিদ্ধান্ত গৃহীত হওয়ায় এক মহাসত্যের বিজয় হয়েছে। সাবেক সভাপতি ডাঃ মোঃবদরুজ্জামান বলেন আমি সহ গাংনী উপজেলার হোমিও ২-এর পাতায় দেখুন

# হরিণাকুন্ডুতে কৃষকদের মাঝে গাছের চারা ও বীজ বিতরণ



**হরিণাকুন্ডু প্রতিনিধি :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে কৃষকদের মাঝে গাছের চারা ও বীজ বিতরণ করা হয়েছে। সোমাবার দুপুরে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে কৃষকদের মাঝে চারা ও বীজ বিতরণ করা হয়। ২৪৪ জন প্রান্তিক কৃষকের মাঝে আম, কদবেল, লেবু, বারমাসি সজনা, পেয়ারাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা ও ৮ প্রকার সবজির বীজ বিতরণ করা হয়। উপজেলা কৃষিবিদ হাফিজ হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি মশিউর রহমান ২-এর পাতায় দেখুন

## হরিণাকুন্ডুতে অবৈধভাবে পুকুর খনন করায় ৫০ হাজার টাকা জরিমানা



**আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নে অবৈধভাবে পুকুর খনন করার অপরাধে আলমগীর জোয়ার্দ্দার (৪০) নামের এক ব্যক্তিকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। রবিবার রাত ১০টার দিকে চাঁদপুর গ্রামে এ অভিযান চালানো হয়। আলমগীর জোয়ার্দ্দার চাঁদপুর গ্রামের আসাদুর জোয়ার্দ্দারের ছেলে। হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমান আদালতের বিচারক সুস্মিতা সাহা জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় উপজেলার চাঁদপুর গ্রামে রাতের আঁধারে আলমগীর জোয়ার্দ্দার অবৈধভাবে পুকুর ২-এর পাতায় দেখুন

## হরিনাকুন্ডুতে দেওয়াল চাপা পড়ে স্কুলছাত্রের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার বাকচুয়া গ্রামে নির্মাণাধীন ভবনের দেওয়াল চাপা পড়ে শান্ত দাস (১০) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

সোমবার বিকাল সাড়ে ৬ টার দিকে বাকচুয়া গ্রামের দাসপাড়ায় এ ঘটনা ঘটে। মৃত শান্ত দাস ওই গ্রামের রাম প্রসাদ দাস'র ছেলে।

স্থানীয় সংবাদকর্মী সবুজ শাহরিয়ার জানান, শিশু শান্ত বাড়ির পাশের প্রতিবেশী আলম হোসেনের নির্মাণাধীন ভবনে খেলা করছিলো। এক ২-এর পাতায় দেখুন



## যমুনা লাইফ ইনসিওরেন্স এর পৃষ্ঠপোষক মুসা মিয়ার দ্বিতীয় মৃত্যুবার্ষিকী পালন

**স্টাফ রিপোর্টার :** যমুনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের প্রধান পৃষ্ঠপোষক এবং গোল্ডেন লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এর সাবেক পরিচালক কুলিয়ারচর গ্রুপের সম্মানিত চেয়ারম্যান , সিআইপি, মুসা মিয়া'র আজ ছিল তার দ্বিতীয় মৃত্যুবার্ষিকী ও কোম্পানির পৃষ্ঠপোষক ও অন্যতম প্রতিষ্ঠাতা মাননীয় বস্ত্র ও পার্ট মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী বীরপ্রতীক মহোদয়ের কনিষ্ঠপুত্র গাজী গোলাম আসরিয়া বাপ্পি' কানাডায় চিকিৎসাধীন রয়েছেন তার আরোগ্য কামনয় বিশেষভাবে দোয়া করা হয় এই উপলক্ষে যমুনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এর প্রধান কার্যালয়ে আয়োজন করা হয়, বিশেষ দোয়া ও মিলাদ মাহফিল, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোম্পানির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ বদরুল আলম, সভাপতিত্ব করেন জনাব কামরুল ২-এর পাতায় দেখুন

## ঈদকে সামনে রেখে বেড়েছে প্রবাসী আয়

**নিজস্ব প্রতিবেদক :** প্রতি বছর দুই ঈদের আগে পরিবারের জন্য বেশি টাকা পাঠিয়ে থাকেন প্রবাসীরা। এবারও তার ব্যতিক্রম নেই। কোরবানির ঈদ যত ঘনিয়ে আসছে, ততই বাড়ছে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স প্রবাহ।

চলতি জুন মাসের প্রথম ১৬ দিনে দেশে রেমিট্যান্স এসেছে ১১২ কোটি ৫৯ লাখ মার্কিন ডলার। বাংলাদেশি মুদ্রায় বর্তমান বিনিময় হার হিসাবে (প্রতি ডলার ১০৮ টাকা ৫০ পয়সা) এই অর্থের পরিমাণ ১২ হাজার ২১৬ কোটি টাকা। গড় হিসাবে এর পরিমাণ দাঁড়ায় প্রতিদিন ৭ কোটি মার্কিন ডলার। এ ধারা অব্যাহত থাকলে মাস শেষে রেমিট্যান্স ২০০ কোটি মার্কিন ডলার ছাড়িয়ে যাবে বলে মনে করছেন ব্যাংকাররা।

কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে

# চুয়াডাঙ্গায় মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে কর্মশালা অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গা মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নে উপজেলা পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর যৌথভাবে আয়োজন করে। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামিম ভুইয়া'র সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ। কর্মশালায় জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, বিএমএ'র সভাপতি ডা. মার্টিন হীরক চৌধুরী ও জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবু হোসেন, ভাইস চেয়ারম্যান মাসুদুর রহমান ও প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিন বক্তব্য রাখেন। কর্মশালায় সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন। কর্মশালায় প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, মাদকদব্যরোধে খেলাধূলা ও সাংস্কৃতিক ২-এর পাতায় দেখুন



## নওগাঁয় সন্ধানী লাইফ ইনসিওরেন্সের চেক বিতরণ ও গ্রাহক সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক :** অদ্য ১৯/০৬/২০২৩ ইং তারিখে সন্ধানী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড এর নওগাঁ মডেল শাখা কার্যালয়ের অন্তর্গত খাজুরা শাখা অফিসে চেক বিতরণ ও গ্রাহক সমাবেশ অনুষ্ঠানের আয়োজন করা হয় । উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তিন নম্বর খাজুরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসেন এবং প্রধান বক্তা হিসেবে ছিলেন জনাব মোস্তফা আল কামাল এসভিপি (রাজশাহী ও রংপুর বিভাগীয় প্রধান) ও বিশেষ অতিথি জনাব সাব্বির আহমেদ ডিজিএম ইনচার্জ নওগাঁ মডেল শাখা ২-এর পাতায় দেখুন

# কোটচাঁদপুরে অবিস্ফোরিত দুইটি হাত বোমা উদ্ধার



**কোটচাঁদপু প্রতিনিধি :** ঝিনাইদহের কোটচাঁদপুরের রুহুল আমীনের বাড়ি থেকে দুইটি অবিস্ফোরিত বোমা উদ্ধার হয়েছে করা হয়েছে। রবিবার রাতে ও সোমবার সকালে ওই বোমা দুইটি পাওয়া যায়। তবে পুলিশ বলছে বোমা সাদৃশ্য বস্তু। এঘটনায় থানায় কোন অভিযোগ হয়নি বলে নিশ্চিত করেছেন থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) মাহমুদা খাতুন।

কোটচাঁদপুরের তালসার গ্রামের রুহুল আমীনের ছেলে আহসান কবির জয়নুল বলেন, রবিবার রাতে আমাদের বসবাস করা ঘরের সিঁড়িতে থেকে একটি বোমা পাওয়া যায়। বোমাটির সামান্য বিস্ফোরণ ঘটে। সোমবার সকালে ঘরের ছাদ থেকে পাওয়া যায় আরো একটি বোমা। এটা পাওয়ার পর আমরা তালসার কাম্পে খবর দিয়ে ছিলাম। এরপর রাতেই পুলিশ এসেছিল। ওই ঘটনায় সোমবার সকালে কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ করা হয়েছে।

জয়নুল বলেন, বেশ কিছুদিন ধরে বাড়ির পাশের লস্করদের সঙ্গে জমি নিয়ে গোলযোগ চলছে। এ ছাড়া তারা আমাকে ও আমার পরিবারের লোকদের বিভিন্ন সময় মেরে ফেলার হুমকি ও দিয়ে আসছেন। তিনি বলেন,আমাদের হত্যার উদ্দেশ্যে তারাই এ ঘটনাটি ঘটিয়েছে বলে জানিয়েছেন জয়নুল। বর্তমানে বোমা দুইটি রুহুল ২-এর পাতায় দেখুন



## মহেশপুর উপজেলা স্বেছাসেবকলীগের বর্ধিত সভা

**মোঃ আজাদ, মহেশপুর :** ঝিনাইদহের মহেশপুরে উপজেলা স্বেছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। মহেশপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হল রুমে রবিবার বিকালে মহেশপুরে উপজেলা স্বেছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামীলীগর সাধারণ সম্পাদক ও পৌর সভার সাবেক মেয়র সাইদুল করিম মিটু। উপজেলা স্বেছাসেবকলীগের আহবায়ক শাহেদ মেহবুব রনজুর সভাপতিত্বে ও উপজেলা স্বেছাসেবকলীগের আহবায়ক আশাবুল আরাফ শিমুলের সঞ্চালনায় অনুষ্ঠিত বর্ধিত সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কন্দ্রীয় স্বেছাসেবকলীগের গনসংযোগ ও সাংবাদিকতা বিষয়ক সম্পাদক ওবায়দুল হক খান। বর্ধিত সভায় বিশষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খান চঞ্চল, ২-এর পাতায় দেখুন

# গাংনীতে আইএফআইসি ব্যাংকে মধুমাস উৎসব পালন



**মেহেরপুর প্রতিনিধি :** আইএফআইসি ব্যাংক গাংনী উপশাখায় মধুমাস উৎসব পালন করা হয়েছে। দেশীয় এবং মৌসুমি বিভিন্ন ফল দিয়ে আয়োজিত উৎসবে আনন্দঘন পরিবেশে বিভিন্ন শ্রেণিপেশার গ্রাহক ও সুধীজন অংশগ্রহন করেন। সোমবার সকাল থেকে বিকাল পর্যন্ত ব্যাংকে আগত বিভিন্ন গ্রাহক ও সেবা গ্রহণকারীদের মৌসুমি দেশীয় ফল দিয়ে আপ্যায়ন করা হয়। দেশীয় ফলের মধ্যে রয়েছে আম, জাম, পেয়ারা, তরমুজ, লিচু, কলা, আনারস ও ড্রাগন। আইএফআইসি ব্যাংক গাংনী উপশাখার অফিসার ইনচার্জ খোশনুর আলম জানান, সারা বছরই আমরা গ্রাহকদের মাঝে সেবা দিয়ে থাকি, গ্রাহকদের সাথে বিভিন্ন সময়ে আনন্দ ভাগাভাগি করা এবং ব্যাংকের প্রতি মানুষের আস্থা বিশ্বাস ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।।** চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

## সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# বিশ্ববাজারকে দায়ী করে লাভ নেই

বিশ্ববাজারে কিছুকিছু নিত্যপণ্যের দাম যে হারে বেড়েছে, দেশের বাজারে বেড়েছে তার চেয়ে বেশি। দেশীয় বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির জন্য সরকারের নীতিনির্ধারকেরা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও আন্তর্জাতিক বাজারের দোহাই দিচ্ছেন। এশিয়া মহাদেশসহ পুরো বিশ্বের উন্নয়নশীল রাষ্ট্রগুলোর মধ্যে বাংলাদেশে জিডিপির তুলনায় রাজস্ব আদায়ের পরিমাণ খুব কম। ব্যবসায়ীদের পক্ষ থেকে অভিযোগ উঠেছে, দেশীয় বাজারে পণ্যের দাম বেড়ে যাওয়ার কারণ ডলার-সংকট ও ডলারের বিপরীতে টাকার প্রায় ২৫ শতাংশ অবমূল্যায়ন। দেশে উচ্চ মূল্যস্ফীতির জন্য বিশ্ববাজারকে দায়ী করার যে প্রবণতা দেখা যায়, সেটি এখন আর যৌক্তিক নয়; বরং মূল্যস্ফীতি এখন দেশীয় কারণেই বেশি হচ্ছে। সরকার যেমন ডলারের দাম নিয়ন্ত্রণ করতে পারছে না, তেমনি গ্যাস, বিদ্যুৎ ও জ্বালানি তেলের দাম বাড়িয়ে দিয়ে মূল্যস্ফীতিকে উসকে দিয়েছে। জ্বালানি তেল ও গ্যাসের দাম বিশ্ববাজারে কমলেও দেশে কমানো হচ্ছে না। বরং এ খাত থেকে ভর্তুকি পুরোপুরি তুলে নিয়ে মুনাফা করছে সরকার। তাই এখন আর বিশ্ববাজারকে দায়ী করে লাভ নেই। দেশে মূল্যস্ফীতির কারণ এখন ডলারের মূল্যবৃদ্ধি, ডলার-সংকটের কারণে বিদেশ থেকে আমদানি ব্যাহত হওয়া এবং স্থানীয়ভাবে উৎপাদন ব্যয় বেড়ে যাওয়া। দেশের বাজারে এখন এক লিটার বোতলজাত সয়াবিন তেলের নির্ধারিত দর ১৯৯ টাকা, যা গত ৩ মে লিটারে ১২ টাকা বাড়ানো হয়। মূল্যবৃদ্ধির কারণ সয়াবিন তেলে মূল্য সংযোজন করের (মূসক বা ভ্যাট) ছাড় সুবিধা তুলে নেওয়া। মূল্যবৃদ্ধির পর দাম যা দাঁড়িয়েছে, তা এক বছর আগের তুলনায় আড়াই শতাংশের মতো কম। দেখা যাচ্ছে, বিশ্ববাজারে সয়াবিন তেলের দাম অর্ধেকে নেমে এলেও দেশে তার সুফল নেই। শুধু সয়াবিন তেল নয়, চিত্রটি মোটাদাগে গম, মসুর ডাল, জ্বালানি তেল, প্রাকৃতিক গ্যাসসহ বিভিন্ন ক্ষেত্রে একই রকম। এমনকি বিশ্ববাজারে চিনির দামও বেড়েছে। এক বছরে বৃদ্ধির হার ৩৩ শতাংশের কিছু বেশি। দেশে বেড়েছে ৬১ শতাংশ। এখনো বাজেটে চিনির শুল্কছাড়ের বিষয়ে কিছু বলা হয়নি। অবশ্য চিনির ব্যয় বিশ্লেষণ করে যে দাম সরকার বেঁধে দিয়েছিল, তা মানা হয়নি। মে মাসের শুরুতে সরকার খোলা চিনির দাম বেঁধে দিয়েছে প্রতি কেজি ১০৪ টাকা। তবে তা বিক্রি হয়েছে ১৩০ থেকে ১৩৫ টাকা দরে। দেশের বাজারে এক মাসের মধ্যে পেঁয়াজের দাম প্রতি কেজিতে ৫৫ শতাংশ বেড়েছে। এ সময়ে ভারতে দাম বেড়েছে প্রায় ২৯ শতাংশ। অবশ্য ভারতে পেঁয়াজের দাম অনেক কম। বাংলাদেশ পেঁয়াজ আমদানির সুযোগ দিচ্ছে না। তবে দাম কমার ক্ষেত্রে এগিয়ে পাম তেল। এক বছর আগের তুলনায় বিশ্ববাজারে এখন অপরিশোধিত পাম তেলের দাম ৫৩ শতাংশ কমেছে। দেশের বাজারে কমেছে প্রায় ২০ শতাংশ। এর মধ্যে চালের দাম কমেছে সামান্য আর কোনো পণের দর কমেনি। সরকার গ্যাসের দামও কমাচ্ছে না, আবার শিল্পে সংকটও দূর করতে পারছে না। গ্যাস ও কয়লার অভাবে সারা দেশের মানুষকে লোডশেডিংয়ে ভুগতে হচ্ছে। তাই মূল্যস্ফীতির হার কমাতে এখন বাজারে টাকার সরবরাহ কমানো দরকার। এ ছাড়া সরবরাহ বা জোগানের নীতিও একটি উপায়। নিজ অর্থনীতিতে পণ্য ও সেবার জোগান বাড়ানোর উদ্যোগ নিতে পারে একটি দেশ। জোগান বাড়লে মূল্যস্ফীতি প্রশমিত হতে পারে। এজন্য সরবরাহ বৃদ্ধির জন্য ব্যবসার জন্য বিধিমালা কমানো, অবকাঠামোয় বিনিয়োগ ও প্রতিযোগিতাকে উৎসাহিত করার মতো বিভিন্ন পদক্ষেপ নেওয়া যেতে পারে।

## মিনিস্টার মাইওয়ান গ্রুপ দেশের

থেকে উৎপাদন ও বিক্রি শুরু করেছে মিনিস্টার?

এম এ রাজ্জাক খান রাজঃ ২০০২ সালে সাদাকালো টেলিভিশন উৎপাদন শুরু করি। প্রথমে সাদাকালো টিভি, এরপর রঙিন। এখন তো বেসিক এলইডি, স্মার্ট এবং ফোর-কে টিভি উৎপাদন করছি। ২০০৫ সালে ফ্রিজ অ্যাসেমব্লিং শুরু করি। এরপর ২০১৩ সাল থেকে নিজেরাই উৎপাদন করছি। এসি উৎপাদন করছি ২০১৭ সাল থেকে। এ ছাড়া উৎপাদন করছি বিভিন্ন ধরনের হালকা ও মাঝারি হোম অ্যাপ্লায়েন্স পণ্য। গরমের মৌসুমে প্রায় ২৫-৩০ হাজার ফ্রিজ উৎপাদনসহ বাৎসরিক অন্তত ৪ লাখেরও বেশি ফ্রিজ উৎপাদন ও বাজারজাত করে থাকি। এছাড়াও বাৎসরিক ৫০ হাজারেরও বেশি টিভি এবং ২০ হাজারেরও বেশি এসি আমরা উৎপাদন ও বাজারজাত করে থাকি। মিনিস্টারই প্রথম ফ্রিজ এবং ইনভার্টার এসিতে ১২ বছর গ্যারান্টি এবং নির্দিষ্ট মডেলের টিভিতে প্যানাল ও পার্টসে ৫ বছর গ্যারান্টিসহ সার্ভিসে ১০ বছরের ওয়ারেন্টি ঘোষণা দিয়েছে। দেশের সব জেলায় নিজস্ব শোরুম এবং ডিলার ফ্র্যাঞ্চাইজিং শোরুম রয়েছে ১ হাজারের বেশি। ইলেকট্রনিকস পণ্য বিক্রিতে বাজারে দেশীয় প্রতিষ্ঠানগুলোর মধ্যে এখন মিনিস্টার ভালো অবস্থানে রয়েছে।

দৈনিক এই আমার দেশঃ মিনিস্টার ফ্রিজ নিয়ে কিছু বলুন।

**এম এ রাজ্জাক খান রাজ ঃ** বিভিন্ন দামে বিভিন্ন ধরনের ফ্রিজ তৈরি করে থাকে মিনিস্টার। মিনিস্টারের রয়েছে স্পেসিফিকেশন, আকৃতি, ডিজাইন। প্রতিটি পণ্যের বৈশিষ্ট্যের ওপর নির্ভর করেই দামের ভিন্নতা রয়েছে। একই সঙ্গে প্রতিটি ফ্রিজে যুক্ত করা হয়েছে এমন সব প্রযুক্তি, যা সঠিক তাপমাত্রা-হিমায়িত খাবারের ভিটামিন এবং দীর্ঘ সময় সংরক্ষণ করার জন্য উপযুক্ত তাপমাত্রা বজায় রাখে। সম্পূর্ণ অটোমেটিকভাবে তাপমাত্রা নিয়ন্ত্রণ করে প্রতিটি ফ্রিজ। একই সঙ্গে ৬৬% এনার্জি সেভিং কম্প্রেসার ব্যবহার করা হয়। যার ফলে প্রতিটি ফ্রিজ বিদ্যুৎ সাশ্রয়ী।

**দৈনিক এই আমার দেশ ঃ** ফ্রিজ ছাড়া আর কী কী পণ্য উৎপাদন করছেন?

**এম এ রাজ্জাক খান রাজ ঃ** মিনিস্টারের প্রডাকশন লাইনে রেফ্রিজারেটর ছাড়াও রয়েছে ফ্রিজার, এয়ারকন্ডিশনার, এলইডি টিভি, স্মার্ট এলইডি টিভি, ব্লেন্ডার, গ্রিন্ডার, রাইসকুকার, মাইক্রোওয়েভ ওভেন, ওয়াশিং মেশিন, ইলেকট্রিক ক্যাটলি,ফ্যান, আয়রনসহ ২০টিরও বেশি পণ্য। এছাড়া করোনা মহামারীর সময় মিনিস্টার হিউম্যান কেয়ারি এর মাধ্যমে- ডিটারজেন্ট, হ্যান্ডওয়াশ, মাস্কসহ বিভিন্ন জরুরি পণ্য বাজারে নিয়ে আসি। ২০২২ সালে 'ইরাজ' ই-কমার্স প্রতিষ্ঠা করে নতুনভাবে গ্রাহকদের ই-কমার্স সেবা নিশ্চিত করছি আমরা। বাজারে এসকল পণ্যের বিপুল চাহিদার কথা চিন্তা করেই আমাদের কর্মীরা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন।

**দৈনিক এই আমার দেশ ঃ** বছরের কোন সময়ে ফ্রিজ বেশি বিক্রি হয়? তখন কী ধরনের প্রতিযোগিতা করতে হয়?

**এম এ রাজ্জাক খান রাজ ঃ** সাধারণত গরমের মৌসুমে দেশের বাজারে শীতাতপনিয়ন্ত্রণ যন্ত্র (এসি) এবং ফ্রিজের চাহিদা ও বিক্রি বেড়ে যায়। এবারের গ্রীষ্মে তো প্রচণ্ড দাবদাহ চলছে। যে কারণে ফ্রিজ বিক্রি প্রত্যাশার চেয়েও অনেক বেশি বেড়েছে। পাশাপাশি এসি এবং ফ্যানের বিক্রিও ভালো। এই সময়টাতে বিভিন্ন কোম্পানি তাদের পণ্য বিক্রিতে প্রতিযোগিতায় লিপ্ত হয়। তবে এই প্রতিযোগিতায় আমরা সর্বদাই এগিয়ে কারণ, আমরা পরিবেশ বান্ধব উন্নত প্রযুক্তি ব্যবহার করে আমাদের পণ্য উৎপাদন করে থাকি এবং সুলভ মূল্যে উৎপাদিত পণ্য বাজারজাত করে থাকি। আমরা কথা নয়, কাজে বিশ্বাসী। অক্লান্ত পরিশ্রম করে আমরা সব থেকে ভালো পণ্য বাজারে নিয়ে আসার চেষ্টা করি যা আমাদের জনপ্রিয়তা বাড়িয়ে দিচ্ছে। মান ও গুণের সমন্বয়ে তৈরি আমাদের পণ্য তাই বাজারে সর্বজন গৃহীত। প্রতিযোগিতায় জেতার জন্য আমরা কখনো মানের পরিবর্তন করিনা যার ফলে সুবিবেচক ক্রেতাগণ আমাদের পণ্যই কিনে থাকেন।

**দৈনিক এই আমার দেশ ঃ** দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে হোম অ্যাপ্লায়েন্স খাতের কতটা অগ্রগতি হচ্ছে?

**এম এ রাজ্জাক খান রাজ ঃ** বাংলাদেশের ইলেকট্রনিকস শিল্প বর্তমানে দ্রুত বর্ধনশীল এবং সম্ভাবনাময় শিল্প খাত। আর এই প্রবৃদ্ধির ক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখছে বেসরকারি খাত। তার মধ্যে বড় ধরনের ভূমিকা পালন করছে ইলেকট্রনিকস শিল্প। আমি মনে করি, দেশীয় ইলেকট্রনিকস ও প্রযুক্তিপণ্য খাতের বিকাশের ফলে বিপুল পরিমাণ পণ্যের আমদানি ব্যয় সাশ্রয় হচ্ছে। এ শিল্প হয়ে উঠেছে সম্ভাবনাময় রপ্তানি খাত। এরই মধ্যে বাংলাদেশ থেকে বিশ্বের ৪০টিরও বেশি দেশে ইলেকট্রনিকস ও প্রযুক্তিপণ্য রপ্তানি হচ্ছে। আগামী কয়েক বছরে পুরো বিশ্বে আমাদের ইলেকট্রনিকস পণ্য পৌঁছে দেওয়ার জন্য কাজ করছি।

**দৈনিক এই আমার দেশ ঃ** এই খাতের উন্নয়নে কী কী সমস্যা রয়েছে? সরকারের কী ধরনের নীতিসহায়তা দরকার?

**এম এ রাজ্জাক খান রাজ ঃ** পণ্য উৎপাদনের মৌলিক উপাদান হলো কাঁচামাল। বাংলাদেশে শিল্পের কাঁচামাল বেশির ভাগই আমদানি করতে হয়। যা এই খাতের উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করার মূল কারণ।

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে স্থানীয় শিল্পগুলোর জন্য আরও এক থেকে দুই বছর কর সুবিধা অব্যাহত রাখা হয়েছে। স্থানীয় শিল্পের সক্ষমতা অর্জনে বিদ্যমান সুবিধা আগামী এক থেকে দুই বছর বাড়ানো হলেও হোম অ্যাপ্লায়েন্স খাতের কাঁচামাল আমদানিতে ভ্যাট কিছুটা বাড়ানো হয়েছে। এতে করে পণ্যমূল্য বাড়বে এবং শিল্পের সক্ষমতা কমবে।

হোম অ্যাপ্লায়েন্স, অ্যালুমিনিয়ামের তৈজসপত্র, সিমেন্ট, মোবাইল ফোনসহ বেশকিছু খাত রিডিউসড রেটে (হ্রাসকৃত হারে) মূল্য সংযোজন কর (ভ্যাট) প্রদান করছে (নিয়মিত ১৫ শতাংশের বদলে ৫ শতাংশ)। প্রস্তাবিত বাজেট অনুযায়ী, এই খাতগুলোকে এখন কিছুটা বেশি (৭.৫ শতাংশ) হারে ভ্যাট দিতে হবে, তবে এক থেকে দুই বছরের জন্য হ্রাসকৃত করহারের সুবিধা তারা ভোগ করতে পারবে বলে তুলে ধরা হয়েছে এই বাজেটে। আমরা এখনো দেশের অভ্যন্তরে কাঁচামাল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠতে পারিনি। সুতরাং আমরা আশা করি, সরকার এই বিষয়টি বিবেচনা করে কর এর পরিমান হ্রাস করবেন।

দৈনিক এই আমার দেশঃ ক্রেতার রুচি-পছন্দের সঙ্গে ফ্রিজ উৎপাদনকারীদের কীভাবে তাল মেলানো দরকার?

**এম এ রাজ্জাক খান রাজ ঃ** দিন যত অতিবাহিত হচ্ছে, ক্রেতাদের চাহিদা এবং রুচিরও তেমন পরিবর্তন ঘটছে যার ফলে আমাদের মতো উদ্যোক্তাদের থাকতে হচ্ছে আরও বেশি সক্রিয়। ভোক্তারা সবসময় আশা করে কম টাকায় ভালো ও উন্নত পণ্য কেনার। আর তাদের কথা চিন্তা করে মিনিস্টার গ্রুপ দেশের মধ্যেই অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে তৈরি করছে নানান মডেলের ও নানান ডিজাইনের পণ্য। সেই সাথে পরিবেশের ভারসাম্য রক্ষার্থে আমরা সবসময় পরিবেশ বান্ধব উপাদান ব্যবহার করে থাকি যা আমাদের করেছে অন্যদের থেকে অনন্য। আমি মনে করি, প্রতিটি উদ্যোক্তারই উচিত ক্রেতাদের চাহিদার কথা চিন্তা করে তাদের পণ্য তৈরি করা।

**দৈনিক এই আমার দেশ ঃ** মিনিস্টার গ্রুপের ভবিষ্যৎ পরিকল্পনা কী?

এম এ রাজ্জাক খান রাজঃ লক্ষ্য এবার বিশ্বজয় এই স্লোগানকে লালন করে মিনিস্টার - মাইওয়ান গ্রুপ দেশের অন্যতম সেরা ইলেক্ট্রনিক্স পণ্য উৎপাদনকারী ও বাজারজাতকারী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ভবিষ্যতে আমাদের মিনিস্টার -মাইওয়ান গ্রুপ একটি শীর্ষস্থানীয় পর্যায়ের প্রতিযোগী হিসাবে থাকবে বলে আশা রাখি। শুধু স্থানীয় ইলেকট্রনিক্স বাজারে ই নয়, আমাদের উপস্থিতি প্রসারিত হচ্ছে আঞ্চলিক ও আন্তর্জাতিক বাজারেও। দেশের মানুষের চাহিদা মিটিয়ে বিশ্বের প্রতিটা দেশে পৌছে দিতে চাই মেড ইন বাংলাদেশ। তখন মিনিস্টার এর পণ্যেই হবে আমাদের দেশের এ্যাম্বাসেডর।

এছাড়াও গ্রাহকদের চাহিদার কথা বিবেচনা করে আমরা আমাদের পণ্যকে আরও উন্নত করার লক্ষ্যে গবেষণা চালিয়ে যাচ্ছে এবং নতুন নতুন উদ্ভাবনের মাধ্যমে পণ্যসমূহের ব্যপক সমৃদ্ধ সাধন করছে আমাদের দক্ষ টিম। বিভিন্ন কৌশলগত অংশীদারিত্ব এবং সহযোগিতার মাধ্যমে, ডিজিটাল প্ল্যাটফর্মগুলি ব্যবহার করে দেশীয় বাজারে শেয়ার বাড়ানোর লক্ষ্যে আমরা নিরন্তন কাজ করে যাচ্ছি। উল্লেখ্য যে, আমরা একটি ই-কমার্স সাইট 'ই-রাজ' প্রবর্তন করেছি দেশব্যাপী বিস্তৃত গ্রাহকদের সন্নিকটে পৌছানোর জন্য।

## চুরি ডাকাতি ও ছিনতাইরোধে পুলিশি

জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, পবিত্র ঈদ-উল-আযহার নামাজের সময় সকাল সাড়ে ৭টায় ভালো সময় । ঈদগাহ কমিটি নামাজের সময়সূচি ঠিক করে নেবেন। পবিত্র পবিত্র ঈদ-উল-আযহায় কোরবানির পশু হাটগুলো রাস্তার ওপর না বসে। হাটের কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি গরু-ছাগল রাস্তায় না বসে। হাটে ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় কৃষি ব্যাংক বুথ করবে । পশুহাটে জালনোটের ছড়াছড়ি ও প্রতারণা করে অসাধু ব্যক্তিরা। বুথে যেন ডিটেক্টর থাকে। পুলিশী তৎপরতা থাকে। সাদা পোষাকে পুলিশ মোতায়ের থাকবে। সারা বছর গরু লালন পালন করে খামারিরা। এসময় চুরি, ডাকাতি ও ছিনতাই না হয় এজন্য পুলিশী টহল বাড়াতে হবে। হঠাৎ অসুস্থ পশুদের চিকিৎসার ব্যবস্থা থাকতে হবে। ভেটেনারি টিম থাকবে। হাটের বর্জ্য ও ঈদের পশু জবাইয়ের বর্জ্য দ্রুততার সাথে অপসারণ করা যায় সেদিকে খেয়াল রাখতে হবে। সরকার নির্ধারিত মূল্যে চামড়া কিনতে হবে। নিজ দায়িত্বে বর্জ্য পরিস্কার করে পৌরসভার নির্ধারিত স্থানে ফেলতে হবে। জেলা কারাগার, শিশু সদন ও হাসপাতালে উন্নত মানের খাবার পরিবেশন করা হবে। আইন-শৃংখলা পরিস্থিতি ও বিদ্যুৎ যেন ভালো থাকে। বাসের ভাড়া বৃদ্ধি না পায়। চুরি ও ছিনতাই না হয়, সেজন্য পুলিশি টহল জোরদার করতে হবে। উচ্ছৃংখল যুবকরা ডিজে পার্টি ও মোটরসাইকেল চালিয়ে রাস্তায় পরিবেশ নষ্ট করে। সেটি যেন হয়। নিজ নিজ পরিবার থেকে সতর্ক থাকতে হবে। লবনের দাম বেড়ে না যায়। বাজার মনিটরিং বাড়াতে হবে।

## দক্ষতা ও জীবনমান উন্নত করে

ইসলাম। সভায় সিভিল সার্জন, ডিডি, সমাজসেবা, শিশু পরিবার পরিচালনা কমিটির সদস্যবৃন্দ ও শিশুরা অংশগ্রহণ করেন। প্রধান অতিথি বলেন, শিশু পরিবারের শিশুদের লেখাপড়া শিখে দক্ষতা অর্জন করতে হবে এবং মানুষের মত মানুষ হবে। এখানে লেখাপড়া, খেলাধুলা, থাকা খাওয়ার সুব্যবস্থা রয়েছে। ধর্ম কর্ম পালনের সুযোগ রয়েছে। তাই তিনি শিশুদের এই প্রতিষ্ঠান থেকে সুনাগরিকরূপে গড়ে ওঠার সুযোগকে কাজে লাগানোর আহবান জানান।

## বিএনপি সরকারের আমলে সার

আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল। কোটচাঁদপুরে ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসুচির আওতায় রোপা আমন ধানের উৎপাদন ও আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। কৃষি সম্পসারন অধিদপ্তরের আয়োজনে সোমবার দুপুরে উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে সার বীজ বিতরণ করা হয়। বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। উপজেলা কৃষি সম্পসারন অফিসার হুমায়ূন কবিরের সঞ্চালনায়। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার রাজিবুল হাসান। এ সময় সার বীজ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামিলীগের সহ-সভাপতি নূাংল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম, প এলাঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান,বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজাংল ইসলাম, সাবেক কুশান ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান প্রমুখ। এ সময় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল উপজেলার ১ হাজার চাষীর মাঝে ১০কেজি ডিএপি,১০ কেজি পটাশ, ৫ কেজি ধানের বীজ প্রদান করা হয়। সে সময় কৃষক, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী,সহ বিভিন্ন প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

## ঝিনাইদহে তিন দিন ব্যপী "ইউনিয়ন

অফিসার সাদিয়া জেরিন। সেময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন, কালীচরণপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, ফুরসন্ধি ইউপি চেয়ারম্যান শিকদার শহিদুল ইসলাম, দোগাছি ইউপি চেয়ারম্যান গোলাম কিবরিয়া কাজলসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান,সদস্য ও সচিবগণ।

পরে সদর উপজেলার ১৭ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সচিবগণের মাঝে সনদপত্র প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন।

## কালীগঞ্জে পাগলা কুকুরের কামড়ে

চিকিৎসা দেওয়া হয়েছে। স্থানীয়রা জানায়, সকালে রায়গ্রামে সাদা রঙের একটি পাগলা কুকুর একের পর এক পথচারী, দোকানি, স্কুলছাত্রী, শিশুদের কামড়াতে শুরু করে। স্থানীয়রা কুকুরটিকে ধাওয়া করলে সেখান থেকে দৌড়ে হেলা, বলিদাপাড়া ও পৌরসভার নতুন বাজারসহ বিভিন্ন এলাকার মানুষকে কামড়ে আহত করে। এক পর্যায়ে কুকুরটি ধাওয়া খেয়ে পালিয়ে যায়।

আহতদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও স্থানীয় ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে। এদের মধ্যে দুইজনের অবস্থা গুরুতর হওয়া উন্নত চিকিৎসার জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করা হয়।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক আজগর আলী বলেন, সকাল থেকে দুপুর পর্যন্ত বেশ কয়েকজন রোগী এসেছে। আমরা তাদের ভ্যাকসিনসহ চিকিৎসা দিয়েছি। দুইজনের কামড়ের আঘাত বেশি গুরুতর হওয়ায় তাদের ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে। আহতদের সংখ্যা আরও বাড়তে পারে।

## হরিণাকুন্ডুতে কৃষকদের মাঝে

জোয়ার্দ্দার। এছাড়া উপজেলা যুবলীগের আহবায়ক আশরাফুল হক জুয়েলসহ উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগের কর্মকর্তা ও বিভিন্ন ইউনিয়নে উপকারভোগীরা। পারিবারিক পুষ্টি বাগান বৃদ্ধি করণের লক্ষ্যে এসব বীজ বিতরন করা হয়।

## হরিণাকুন্ডুতে অবৈধভাবে পুকুর

খনন করছে। পুকুর খনন করার সময় সেখানে অভিযান চালানো হয়। ভ্রম্যামান আদালতের মাধ্যমে বালুমহল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ১৫/১ এক ধারায় আলমগীর জোয়ার্দ্দারকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে পুকুর খনন বন্ধ করা হয় বলে তিনি আরো জানান।

## যমুনা লাইফ ইনসিওরেন্স এর

হাসান খন্দকার, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক, আরো উপস্থিত ছিলেন কোম্পানির অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব কামরুজ্জামান, জনাব খায়রুল মমিন কাজল উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনাব এম এম হোসাইন আহমেদ উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনাব মহিম উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক, আরো উপস্থিত ছিলেন উন্নয়ন প্রশাসন বিভাগের প্রধান জনাব মোঃ ছায়েদুল হক শামীম, জনাব মোজাম্মেল হক সারমান সিএফও, জনাব হোসেন শহীদ সোহরাওয়ার্দী অবলিখোন ইনচার্জ, ও মোহাম্মদ মোজাম্মেল হোসেন পলাশ এইচআর, এছাড়াও উপস্থিত ছিলেন কোম্পানির শতাধিক উন্নয়ন কর্মী ও কর্মকর্তাবৃন্দ এবং প্রধান কার্যালয়ের কর্মরত সকল স্তরের কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ, অনুষ্ঠানে সিআইপি মুসা মিয়ার, জীবনী সম্পর্কে নানা দিক নিয়ে আলোচনা করেন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও প্রতিষ্ঠানের চেয়ারম্যান । মিলাদ শেষে তার আত্মার মাগফেরাত কামনা করা হয়।

## চুয়াডাঙ্গায় মাদকদ্রব্যের অপব্যবহার

কর্মকান্ড বাড়াতে হবে। তাহলে মাদক চলে যাবে। আজকের শিশুরাই আগামী দিনের স্মার্ট বাংলাদেশ গড়তে পারবে। এছাড়া, সমাজের প্রবীণ ব্যক্তিরা সমাজের প্রতি দায়িত্ব নিতে পারেন। শিক্ষক ও সাংবাদিকরা প্রচারণার মাধ্যমে সমাজে ভূমিকা রাখতে পারেন। মাদকদ্রব্য ট্রাইবুনাল গঠন করা যায় তাহলে বিচার দ্রুততার সাথে করা যায়। মোবাইল কোর্টে ২ বছর সাজা ও জরিমানা করা যায়।

## নওগাঁয় সন্ধানী লাইফ ইনসিওরেন্সের

কার্যালয়। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জয়নুল আবেদীন এজিএম ও ইনচার্জ খাজুরা শাখা অফিস ইনচার্জ। উক্ত অনুষ্ঠানে ১৫ লাখ টাকার দাবী পরিশোধের চেক প্রদান করা হয়।

## গাংনীতে আইএফআইসি ব্যাংকে

ও আন্তরিকতা বৃদ্ধির জন্যই আমাদের মধুমাসের আয়োজন। রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান বলেন, গ্রাহক ও ব্যাংকের সুসম্পর্ক বজায় রাখতে এই মধুমাসে দেশীয় ফল দিয়ে আগত সকল গ্রাহকদের আপ্যায়ন করানো খুবই ভালো উদ্দ্যোগ। আশা করি ব্যাংকের সুনাম ও ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে আন্তরিকতা এবং সুসম্পর্ক টিকিয়ে রাখতে এই উদ্যোগ বিশেষ ভূমিকা রাখবে। এসময় উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, এইচএমভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হালিম, মেহেরপুরের মুক্তিযোদ্ধা আহম্মেদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের প্রভাষক এসএম রফিকুল আলম বকুলসহ বিভিন্ন গ্রাহকগণ।

## মহেশপুর উপজেলা স্বেছাসেবকলীগের

উপজেলা আওয়ামীলীগর সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, কেন্দ্রীয় স্বেছাসেবকলীগের সদস্য মিজানুর রহমান মিজান, আনিছুর রহমান টিপু, জেলা স্বেছাসেবকলীগের আহবায়ক আহাদুর রহমান খোকন ও সদস্য সচিব রানা হামীদ প্রমুখ।

## কোটচাঁদপুরে অবিস্ফোরিত

আমীনের বাড়িতে, বালতির পানির মধ্যে ভেজানো অবস্থায় রয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুরের তালসার পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) আজগর আলী বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। এর আগে বোমা সাদৃশ্য বস্তু দুইটি তারা উদ্ধার করে বালতির পানিতে ভিজিয়ে রাখেন। তদন্তের পর এটি বলা সম্ভব হবে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) মাহমুদা খাতুন বলেন, ঘটনাটি শুনেছি। তবে ওই ঘটনায় এখনো পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

## হরিনাকুন্ডুতে দেওয়াল চাপা

পর্যায়ে নির্মাণাধীন দেওয়ালের উপর খেলা করতে করতে দেওয়াল ধ্বসে তার গায়ের উপর পরে। এতে সে গুরুতর আহত হয়। সেখান থেকে পার্শবর্তী জোড়াদহ বাজারের গ্রাম্য চিকিৎসক আশরাফুল ইসলামের কাছে নিয়ে গেলে সে শান্তকে মৃত ঘোষনা করেন। মৃত শান্ত জোড়াদহ কামারপাড়া প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণীর ছাত্র ছিলো।

হরিণাকুন্ডু থানার ওসি আবু আজিফ বলেন, একটি বাচ্চা মারা গেছে বলে শুনেছি। সেখানে পুলিশ পাঠানো হয়েছে।

## হোমিওপ্যাথি চিকিৎসক নামের

চিকিৎসকগনের মহা আনন্দের দিন আজ, সিনিয়র সহ সভাপতি ডাঃ তোহিদুল ইসলাম বলেন হোমিওপ্যাথি চিকিৎসক প্রায় পাঁচ বছর যাবতকাল শিক্ষা গ্রহণ করে নামের আগে ডাক্তার শব্দটি লিখতে পারতেন না বড়ই বেদনাদায় অবস্থায় ছিলাম আমরা, ডাঃ মোতাফিজুর রহমান বলেন হোমিওপ্যাথি চিকিৎসকদের আজ মহা বিজয় হয়েছে। গাংনী উপজেলার হোমিওপ্যাথিক চিকিৎসক কল্যাণ সংস্থার সাধারণ সম্পাদক আল আমীন,বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সহ মন্ত্রিপরিষদের সকল সদস্যদের গাংনী উপজেলার হোমিওপ্যাথিক কল্যাণ সংস্থার পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।

## ঈদের আগে চিনির দাম কেজিতে

বাজারে দাম বেড়ে যাওয়ায় দেশের বাজারে সরকার নির্ধারিত দামে চিনি বিক্রি করতে গিয়ে 'লোকসানের মুখে পড়ছে' কোম্পানিগুলো।

গত ৬ জুন বাণিজ্য মন্ত্রণালয়কে এ বিষয়ে একটি চিঠি দিয়েছিল মিল মালিকরা। সে অনুযায়ী ২২ জুন থেকে চিনির দাম নতুন করে নির্ধারণ করা হয়েছে।

দেশে সিটি গ্রুপ, দেশবন্ধু গ্রুপ, মেঘনা গ্রুপ, এস আলম গ্রুপ, আব্দুল মোনেম গ্রুপ ও টিকে গ্রুপ তেল ও চিনি ব্যবসার সঙ্গে যুক্ত।

সিটি গ্রুপের পরিচালক বিশ্বজিৎ সাহা বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "আন্তর্জাতিক বাজারে চিনির কাঁচামালের দাম বেড়েছে। পাশাপাশি বিভিন্ন রকম শুল্ক সুবিধা তুলে নেওয়া হয়েছে। এখন বাজার থেকে এক কেজি চিনি কিনে খেতে গেলে ভোক্তাকে ৪২ টাকা শুল্ক দিতে হচ্ছে।

"আমরা আন্তর্জাতিক বাজার থেকে প্রতি টন চিনির কাঁচামাল ৬৪০ ডলারে সংগ্রহ করেছি, আজকের রেট ৬৭০ ডলার। সরকার প্রতি টন ৫৮০ ডলার বিবেচনায় সর্বশেষ চিনির দাম ঠিক করেছিল।"

চিঠির বিষয়ে কথা বলতে শুগার রিফাইনার্স অ্যাসোসিয়েশনের মহাসচিব গোলাম রহমানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষও ফোন ধরেননি।

তবে সম্প্রতি মন্ত্রণালয়ে এক অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে দেশের বাজারে চিনির উচ্চমূল্যের জন্য আন্তর্জাতিক বাজারে দামের অস্থিরতা ও মূল্যবৃদ্ধিকেই দায়ী করেন সচিব।

তিনি সেদিন বলেন, "চিনির প্রধান উৎস ব্রাজিল ও ভারত। তবে এই মুহূর্তে ভারত থেকে আমদানি বন্ধ। আন্তর্জাতিকভাবে চিনির একটা সংকট যাচ্ছে। চিনির দাম প্রতি টন ৪৫০ ডলার থেকে বেড়ে গিয়ে প্রায় ৭০০ ডলারে ঠেকেছে। আন্তর্জাতিক বাজারে দাম যখন বেশি অস্থিতিশীল থাকে তখন দেশের বাজারে দাম স্থিতিশীল করাটা খুবই টাফ।"

## তথ্যমন্ত্রীকে নিয়ে মিথ্যা তথ্য প্রচার

দায়ে কানাডা প্রবাসী নাজমুস সাকিব নামে কথিত এক সাংবাদিক ও ইউটিউবারকে প্রধান আসামি করে ৮ জনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হয়েছে।

মো. আরিফুল ইসলাম গত রোববার এ মামলা করেন। যারা ওই ভিডিওতে লাইক, কমেন্ট, শেয়ার করেছেন এবং ভবিষ্যতেও শেয়ার করবেন তাদেরও আসামি করা হবে বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে।

এজাহারে বাদী উল্লেখ করেছেন, 'আমার প্রিয় নেতা ড. হাছান মাহমুদকে রাজনৈতিক, সামাজিক, রাষ্ট্রীয়ভাবে, হেয়প্রতিপন্ন, মানহানি ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত করার কু-মানসে মিথ্যা তথ্য উপস্থাপন করে উদ্দেশ্যপ্রণোদিত ও ষড়যন্ত্রমূলকভাবে 'নাগরিক টিভি' নামে একটি ইউটিউব চ্যানেল ও ফেসবুক পেজ থেকে প্রিয় নেতার ছবি সংবলিত নাম উল্লেখ করে ১৩ মিনিট ১৫ সেকেন্ডের একটি ভিডিও ক্লিপ আপলোড করে।

প্রকৃতপক্ষে, উল্লিখিত ছবি সংবলিত ভিডিওটি সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন, ষড়যন্ত্রমূলক, মানহানিকর ও উদ্দেশ্যপ্রণোদিত। প্রকৃত অর্থে এটা কোনো টিভি চ্যানেল নয়। এটি একটি ইউটিউব চ্যানেল ও ফেসবুক পেজ মাত্র। তাদের উল্লিখিত কর্মকাণ্ডের কারণে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত প্রকৃত নাগরিক টিভির কর্তৃপক্ষ আসামি কর্তৃক পরিচালিত ভুয়া ও অবৈধ নামধারী নাগরিক টিভির সম্পর্ক নেই বলে সতর্কীকরণ বিজ্ঞপ্তি এরই মধ্যে প্রচার করেছে।

চকবাজার থানার ওসি এ ব্যাপারে বলেন, 'আমরা অত্যন্ত গুরুত্ব সহকারে মামলার বিষয়টি দেখছি। এই ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেলটির অ্যাডমিন নাজমুস সাকিবের বিরুদ্ধে এর আগেও এ ধরনের কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ততা থাকার অভিযোগ পাওয়া গেছে। খোঁজ পেয়েছি তার বিরুদ্ধে আরও মামলা এবং লন্ডনে বসে বাংলাদেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি চেষ্টাকারী একটি মহলের সঙ্গে নিবিড়ভাবে যোগাযোগের অভিযোগ আছে।

'তার স্থায়ী ঠিকানা ঢাকার বাসাবোতে ও গ্রামের বাড়ি রংপুর। আমরা বিষয়গুলো খতিয়ে দেখছি।'

## ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান

হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব ব্র্যাডফোর্ড থেকে স্নাতক এবং এডিনবার্গ নেপিয়ার ইউনিভার্সিটি থেকে এমবিএ সম্পন্ন করেন। তিনি হাসান আবাসন (প্রাঃ) লিমিটেডের চেয়ারম্যান এবং আর্টসি হোল্ডিংস লিমিটেড, শাইনিং অ্যাসেটস লিমিটেড, অ্যাফিনিটি অ্যাসেটস লিমিটেড, ওয়েস্কো লিমিটেড, মেরিনা অ্যাসেটস লিমিটেড এবং ক্রাফট হোল্ডিং কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক। তিনি দেশের বৃহত্তম কয়লা চালিত বিদ্যুতকেন্দ্র এসএস পাওয়ার-আই লিমিটেড-এর পরিচালক। তরুণ শিল্প উদ্যোক্তা আহসানুল আলম তাঁর গতিশীল নেতৃত্বের জন্য টেক্সটাইল, গার্মেন্টস এবং ট্রেডিংখাতে সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেছেন। তিনি সর্বোচ্চ করদাতা হিসেবে পরপর দুই বার জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পুরস্কৃত হয়েছেন। তিনি চট্টগ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ফসলি জমি থেকে বালু তোলার

জমি থেকে বালু বা মাটি উত্তোলন করা যাবে না। তিন ফসলি জমি ও টপ সয়েল (জমির উপরিভাগের মাটি) নষ্ট হতে পারে, এমন সম্ভবনা থাকলে বালু তোলা যাবে না।"

অভ্যন্তরীণ নদী পথের নাব্য বিনষ্ট করতে পারে, এমন হুমকি থাকলে সেখানকার বালু বা মাটিও তোলা যাবে না বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

আগে শুধু বিআইডব্লিউটিএর হাইড্রোগ্রাফিক জরিপকেই ভিত্তি ধরা হত জানিয়ে মাহবুব বলেন, এখন আইন সংশোধন করে বলা হচ্ছে, বিআইডব্লিউটিএর হাইড্রোগ্রাফিক জরিপ ছাড়াও পানি উন্নয়ন বোর্ডের যদি কোনো জরিপ থাকে, সেটাকেও বিবেচনায় নেওয়া হবে।

বর্তমান আইন অনুযায়ী, নির্বাহী ম্যাজিস্ট্রেটরা বালু উত্তোলন বন্ধ করতে গিয়ে যন্ত্রপাতি জব্দ করতে পারতেন না। আইন সংশোধন করে ম্যাজিস্ট্রেটরা যাতে যন্ত্রপাতি জব্দ করতে পারেন, সেই ব্যবস্থা করা হচ্ছে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

আইন সংশোধন হওয়ার পর বালুর ইজারা কার্যক্রম অনলাইনে হবে জানিয়ে তিনি বলেন, কোনো কারণে ইজারা দেওয়া না গেলে খাস আদায়ের মাধ্যমেও এটি করা যাবে। বালু পরিবহনের কারণে রাস্তার বা স্থাপনার ক্ষতি হলে সেটি ইজারাদারকে পরিশোধ করতে হবে।

বালু উত্তোলন নিয়ে আগের আইনে যেসব শাস্তির বিধান ছিল, সেগুলো অপরিবর্তিত রাখা হয়েছে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

## পদ্মা সেতুর ঋণের ৩য়

৫০ টাকা পরিশোধ করা হয়েছে। প্রথম বছরে সর্বমোট ৬৩২,৯৩,৩৬,৬১৪২ টাকা পরিশোধ করা হল।

চুক্তি অনুযায়ী ২০২২-২৩ অর্থবছর থেকে সেতুটির ঋণ পরিশোধ শুরু হয়েছে এবং বাংলাদেশ সরকারের এ ঋণ পরিশোধের জন্য ২০৫৬-৫৭ অর্থবছর পর্যন্ত সময় পাবে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। উল্লেখ্য, সেতুটি ২০২২ সালের ২৫ জুন উদ্বোধন হয়। এরপর ২০২৩ সালের ১৮ জুন পর্যন্ত ৭৭৯,৭৫, ৮৭,০০০ টাকার টোল আদায় হয়েছে।

## ২৯ জুন পবিত্র ঈদুল আজহা

সচিব মুঃ আঃ হামিদ জমাদ্দার।

সভায় ১৪৪৪ হিজরি সনের পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়,বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ সোমবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া গিয়েছে।

এমতাবস্থায়, আগামীকাল মঙ্গলবার থেকে ১৪৪৪ হিজরি সনের পবিত্র জিলহজ মাস গণনা শুরু হবে।

সভায় ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুঃ আঃ আউয়াল হাওলাদার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ নজরুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের ভারপ্রাপ্ত মহাপরিচালক মোঃ মনিরুজ্জামান বায়তুল মুকাররম জাতীয় মসজিদের খতিব হাফেজ মাওলানা মুফতি মোহাম্মদ রুহুল আমিন, সিনিয়র উপ-প্রধান তথ্য কর্মকর্তা মোঃ আবদুল জলিল, মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মোঃ আজিজুর রহমান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ শহিদুল ইসলাম, ঢাকা জেলা প্রশাসনে সহকারী কমিশনার (ভূমি) আনোয়ার হোসেন, বাংলাদেশ টেলিভিশনের উপ-পরিচালক মোঃ জুলফিকার রহমান কোরাইশী, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, লালবাগ শাহী জামে মসজিদের খতিব মুফতি মুহাম্মদ নিয়ামতুল্লাহ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মুহাম্মাদ আবদুর রশীদ, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মুফতি শেখ নাঈম রেজওয়ান উপস্থিত ছিলেন।

## ঈদের ছুটি বাড়ল একদিন

নিশ্চিত করেছে। এর আগে, ঈদুল আজহার ছুটি একদিন (২৭ জুন) বাড়াতে সুপারিশ করে আইনশৃঙ্খলাবিষয়ক মন্ত্রিসভা কমিটি। ঈদের সময় সড়কে চাপ ও ভোগান্তি কমাতে এই সুপারিশ করা হয়েছে বলে জানান কমিটির সভাপতি মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।

ঈদুল ফিতর ও ঈদুল আজহায় সরকারি ছুটি বরাবরই তিন দিন থাকে। আগামী ২৯ জুন ঈদুল আজহা ধরে এবার ছুটি নির্ধারিত রয়েছে ২৮, ২৯ ও ৩০ জুন। সরকারের নির্বাহী আদেশে ২৭ জুন ছুটি ঘোষণা করায় ১ জুলাইয়ের (শনিবার) সাপ্তাহিক ছুটিসহ টানা পাঁচ দিনের ছুটি পাবেন সরকারি চাকরিজীবীরা।

## শৈলকুপায় ১৪৪ ধারা ভঙ্গ করে

হলে হাফিজুর রহমান এর ভাই ও ভাতিজারা ঘরবাড়ি ছাড়া হয়। পরে হাফিজুর রহমান তার কেনা ১৩ শতক জমিতে তার আপন ভাই এবং ভাতিজাদের অস্থায়ী ভাবে বসবাসের জন্য দান করেন। কিন্তু বসবাসের ঠিক ৬ বছর পর এসে ঐ জমিতে পাকা ঘর নির্মাণ শুরু করেন তার আপন ভাই চাঁদ আলী ও তার ছেলেরা রাজু, নাজমুল ও রানু।

এই বিষয়ে হাফিজুর রহমান বলেন, আপন ভাই ও জাতিজারা অসহায় হয়ে পথে পথে ঘুরছিলো তাদের দুঃখ দেখে নিজের জমিতে বসবাস করতে দিই। আজ সেই ভাই ভাতিজারা এলাকার সন্ত্রাসী ইয়ামিন কে সাথে নিয়ে আমার জমি দখল করে পাকা ঘর নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে। আমি কোর্টের মাধ্যমে ১৪৪ ধারার আবেদন করলে, কোর্ট মঞ্জুর করে। তারা কোর্টের আদেশ অমান্য করে পাকা ঘর নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে। পুলিশ প্রশাসন সবাই আমার বিপক্ষে কথা বলছে। আমি কি আমার জমি ফিরে পাবোনা।

এই বিষয়ে অভিযুক্ত রাজু মন্ডল বলেন, আমরা হাফিজুরের কাছ থেকে জমি ক্রয় করি তবে জমি ক্রয় করার কোন কাগজ পাতি বা প্রমাণ আমাদের নেই। রাজু আরো বলেন, কোর্ট বসতবাড়ি ১৪৪ ধারা জারি করতে পারে না।

## ঈদকে সামনে রেখে বেড়েছে

এ তথ্য জানা গেছে।

প্রতিবেদনের তথ্য বলছে, আগের মাস মে-তে প্রবাসীরা প্রতিদিন পাঠিয়েছিলেন ৫ কোটি ৬৩ লাখ ৮৭ হাজার ৬৬৬ মার্কিন ডলার। আর আগের বছর ২০২২ সালের জুন মাসে প্রবাসীরা প্রতিদিন পাঠিয়েছিলেন ৬ কোটি ১২ লাখ ৪২ হাজার ৩৩৩ ডলার। এ বিবেচনায় জুন মাসে প্রবাসী আয় বেশি পাঠাচ্ছেন প্রবাসীরা।

কেন্দ্রীয় ব্যাংক সংশ্লিষ্টরা জানান, বৈধ পথে রেমিট্যান্স পাঠালে নগদ প্রণোদনা পাওয়া যায়। ঈদুল আযহাকে সামনে রেখে প্রবাসীরা দেশে পরিবার পরিজনের নিকট রেমিট্যান্স পাঠাচ্ছে। ফলে রেমিট্যান্স প্রবাহ বাড়ছে। রেমিট্যান্সের এই ধারা অব্যাহত থাকলে মাস শেষে প্রবাসী আয় ২০০ কোটি ডলার ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

প্রবাসী আয়ের এ চিত্র ইঙ্গিত করে প্রবাসীরা আয়ে ইতিবাচক ধারা সৃষ্টি হয়েছে। জুন মাস শেষে আগের বছরের একই সময় বা আগের মাস মের চেয়ে প্রবাসী আয় আসবে।

হুন্ডির দাপটে প্রতিমাসেই প্রবাসী আয়ে ঝুঁকি তৈরি করে। সতর্ক থাকতে হয় প্রবাসী আয় প্রবাহ নিয়ে। রোজা শুরুর মাসে প্রবাসী আয় কমে যায়। ঈদের মাসে হঠাৎ করেই প্রবাসী আয় আবার কমে যায়। ধারণা করা হয়েছিল ঈদের মাসে বড় ধরনের ছুটি থাকার কারণে প্রবাসী আয় কমেছে। কিন্তু পরের মাস মে-তে প্রবাসী আয় আরও কমে যায়। অবস্থা বুঝে প্রবাসী আয়ের প্রতি ডলারের দাম ১০৮ টাকা থেকে ৫০ পয়সা বাড়িয়ে দ্রুত ১০৮ টাকা ৫০ পয়সা করে।

হুন্ডি কারবারিরা বেশি দাম দিয়ে প্রবাসীদের ডলার নিচ্ছেন, বিষয়টি প্রবাসী আয় সংগ্রহকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর পর্যবেক্ষণে ধরা পড়ার পর প্রবাসী আয়ের ডলারে ৫০ পয়সা বৃদ্ধির সুপারিশ করে। এরপর থেকেই ডলারের দাম বৃদ্ধি পাওয়া শুরু করে। যা মধ্যজুন পর্যন্ত অব্যাহত রয়েছে।

## সারা দেশে ৩ লাখ ৫৬ হাজার পদ

রয়েছে। কর্মচারীদের নিয়মিত অবসর ও নতুন পদ সৃষ্টির জন্য সাধারণত পদ শূন্য হয়ে থাকে। বিশেষ কিছু ক্ষেত্রে আদালতের নিষেধাজ্ঞার কারণে তাৎক্ষণিকভাবে পূরণ করা সম্ভব হয় না।

## ইসির কার্যক্রমে সন্তুষ্ট রাষ্ট্রপতি

সঙ্গে নির্বাচন কমিশনার মো. আহসান হাবিব খান, বেগম রাশেদা সুলতানা, মো. আলমগীর ও ইসি সচিব মো. জাহাংগীর আলম উপস্থিত ছিলেন। আর নির্বাচন কমিশনার মো. আনিছুর রহমান দেশের বাইরে রয়েছেন। বঙ্গভবনে তারা ৪৫ মিনিটের মতো অবস্থান করেছিলেন বলে জানা গেছে।

নির্বাচন কমিশনার মো. আহসান হাবিব খান বলেন, মহামান্য রাষ্ট্রপতিকে আমরা অভিনন্দন জানিয়েছি। এটা ছিল একটা সৌজন্য সাক্ষাৎ। আমরা গত ১৬ মাসে যা যা করেছি, সেগুলো মহামান্য রাষ্ট্রপতিকে অবহিত করেছি এবং আমাদের সফলতার বিষয়টিও জানিয়েছি। তিনি আমাদের কার্যক্রমে সন্তুষ্ট প্রকাশ করেছেন বলে জানিয়েছেন।

মো. সাহাবুদ্দিন গত ১৩ ফেব্রুয়ারি বিনাপ্রতিদ্বন্দ্বিতায় রাষ্ট্রপতি নির্বাচিত হন। এরপর ২৪ এপ্রিল তিনি বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন। নতুন রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর ইসির এটিই ছিল প্রথম সৌজন্য সাক্ষাৎ।

## বুধবার প্রধানমন্ত্রীর সংবাদ

অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৪-১৫ জুন 'ওয়ার্ল্ড অফ ওয়ার্ক সামিট : সোশ্যাল জাস্টিস ফর অল'- এ যোগদান শেষে শনিবার সুইজারল্যান্ডের জেনেভা থেকে দেশে ফিরেন।

## সনাতন ধর্মাবলম্বীদের রথযাত্রা উৎসব আজ

হচ্ছেন জগতের ঈশ্বর। তার অনুগ্রহ পেলে মানুষের মুক্তিলাভ হয়। জীবরূপে তাকে আর জন্ম নিতে হয় না। এ বিশ্বাস থেকেই রথের ওপর জগন্নাথ দেবের প্রতিমূর্তি রেখে রথ নিয়ে যাত্রা করেন সনাতন ধর্মাবলম্বীরা।

শুভ রথযাত্রা উপলক্ষে ঢাকায় আন্তর্জাতিক কৃষ্ণ ভাবনামৃত সংঘ (ইসকন) আট দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করেছে। অনুষ্ঠান মালায় রয়েছে হরিনাম সংকীর্তন, বিশ্ব শান্তি ও মঙ্গল কামানায় অগ্নিহোত্র যজ্ঞ, মহাপ্রসাদ বিতরণ, আলোচনা সভা, শোভাযাত্রা, পদাবলী কীর্তন, আরতি কীর্তন, ভগবত কথা, সাংস্কৃতিক অনুষ্ঠান, শ্রীমদ্ভাগবত গীতা পাঠ, ধর্মীয় চলচ্চিত্র প্রদর্শন ও ধর্মীয় নাটক মঞ্চায়ন। আগামীকাল ইসকন আশ্রমে বিশ্বশান্তি ও মঙ্গল কামনায় অগ্নিহোত্র যজ্ঞের মধ্য দিয়ে রথযাত্রা উৎসবের আনুষ্ঠানিকতা শুরু হবে। দুপুরে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা রথযাত্রার উদ্বোধন করবেন। পরে সেখান থেকে বর্ণাঢ্য সাজে তিনটি বিশাল রথে জগন্নাথ দেব, শুভদ্রা ও বলরামের প্রতিকৃতিসহ শোভাযাত্রা বের হবে। শোভাযাত্রা জয়কালি মন্দির, মতিঝিল শাপলা চত্বর, দৈনিক বাংলার মোড়, বায়তুল মোকাররম, পুরান পল্টন মোড়, জাতীয় প্রেসক্লাব, হাইকোর্ট মোড়, দোয়েল চত্বর, রমনা কালিমন্দির, টিএসসি, জগন্নাথ হল ও পলাশী হয়ে ঢাকেশ্বরী মন্দিরে গিয়ে শেষ হবে।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





## চুয়াডাঙ্গায় ফার্মেসীতে ১৫ হাজার টাকা জরিমানা, জব্দকৃত মালামাল ভস্মীভূত

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গায় ফার্মেসীতে অভিযপন চালিয়ে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় জব্দকৃত মালামাল ভস্মীভূত করা হয়। সোমবার নীলমণিগঞ্জ এলাকায় চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এ অভিযান চালায়। জরিমানাকৃত ফামের্সী গুলো হলো-মা ফার্মেসীকে পাঁচ হাজার টাকা, আনোয়ারা ফার্মেসীকে দুই হাজার টাকা, দত্ত ফার্মেসীকে দুই হাজার টাকা, মেডিসিন সেন্টারকে ছয়হাজার টাকা।
চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সজল আহম্মেদ বলেন, অভিযানে ৪টি প্রতিষ্ঠানকে পনের হাজার টাকা জরিমানা করা হয়। জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ঔষধগুলো জনসম্মুখে পুড়িয়ে নষ্ট করা হয়। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।



## মেহেরপুরে গার্মেন্টসের দোকানে অগ্নিকাণ্ড

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামে আশিক ট্রেডার্স নামের একটি গার্মেন্টসের দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। সোমবার দিবাগত মধ্যরাতে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অগ্নিকান্ডে প্রায় ৬ লক্ষ টাকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে বলে জানিয়েছেন দোকান মালিক আশিক। আশিক বুড়িপোতা গ্রামের আসাদ আলীর ছেলে। জানা গেছে রবিবার রাত এগারোটার দিকে আশিক তার দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। এরপর মধ্যরাতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডের সময় বুড়িপোতা গ্রামের অটোচালক মজিদুল হক দোকান থেকে ধোঁয়া উঠতে দেখে দোকান মালিকসহ আশপাশের লোকজনকে খবর দেন। এসময় প্রতিবেশীরা এসে আগুন নেভানোর পূর্বেই দোকানের সমস্ত মালামাল পুড়ে যায়। দোকান মালিক আশিক জানান, ঈদকে সামনে রেখে গত বৃহস্পতিবার দোকানে কসমেটিক্সসহ গার্মেন্টেসের মালামাল উঠানো হয়েছে। তবে আগুনের খবর পেয়ে দোকানে এসে দেখি দোকানের তালা ভাঙ্গা ও সাটার কিছুটা ওঠানো। ধারনা হচ্ছে কেউ আগুন লাগিয়ে দিতে পারে। আশিক ফায়ার সার্ভিসের উপর অভিযোগ নিয়ে বলেন, ৯৯৯ ফোন দিয়েছি তাদের সরাসরি ফোন দিয়েছি কিন্তু তাদের কোন সাড়া মেলেনি। এ বিষয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস অফিসে যোগাযোগ করা হলে তারা বলেন, অগ্নিকাণ্ডের খবর শুনে আমরা ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা দিয়েছিলাম। প্রায় আড়াই কিলোমিটার যাবার পর অফিস থেকে জানানো হয়, আগুন নিভে গেছে। যে কারণে সেখান থেকে আমরা ফিরে আসি।



## চাঁদপুর সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতির উদ্যোগে অসহায় পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ

**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের চাঁদপুর সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতির উদ্যোগে অসহায় পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে। সোমবার বিকেলে ঢেউটিন বিতরণ করা হয়। সমিতির সভাপতি শরিফ উদ্দীন ঠান্ডু উপস্থিত থেকে অসহায় পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করেন। এসময় উপস্থিত ছিলেন সমিতির অন্যতম সদস্য আলমগীর হোসেন হিরোসহ অন্যান্য সদস্যবৃন্দ।



## হিজলগাড়ী বাজারে বিএসটিআইয়ের সার ডিলার সুমন আলীর ইন্তেকাল, দাফন সম্পন্ন

**হিজলগাড়ী প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজলগাড়ী বাজারে বিএসটিআইয়ের সার ডিলার সুমন আলী ইন্তেকাল করেছেন। ( ইন্না-লিল্লাহ - রাজি উইন) মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৪০ বছর ।তিনি ১ টি ছেলে,১ টি মেয়ে ও স্ত্রীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। গতকাল সোমবার ভোরে নিজ বাড়ির অসুস্থ হলে তাকে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় সকাল ৮ টার দিকে তিনি মৃত্যুবরণ করেন। জানা যায়, চুয়াডাঙ্গা সদর উপজেলা বোয়ালিয়া গ্রামের মজিবারের ছেলে ও হিজলগাড়ী বাজারে বিএসটিআইয়ের সার ডিলার সুমন আলী দীর্ঘদিন যাবত লিভারসহ বিভিন্ন রোগে ভুগছিলেন। ভারতের চিকিৎসা শেষে নিজ বাসায় ছিলেন। হঠাৎ গতকাল সোমবার ভোরের দিকে অসুস্থ হলে তাকে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন। মৃত্যুর সংবাদ এলাকায় ছড়িয়ে পড়লে শোকে ছায়া বিরাজ করছে। গত সোমবার বিকাল ৩ টায় বোয়ালিয়া ঈদগাহ মাঠে তার জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত তাঁর জানাযা লোকারণ্যে পরিণত হয় ।এতে স্কুল- কলেজের ছাত্র ও দলমত নির্বিশেষে হাজারো মানুষ জানাযায় অংশ গ্রহণ করেন।

## পাল্টা আক্রমণে আট গ্রাম পুনরুদ্ধারের দাবি ইউক্রেনের



**আন্তর্জাতিক ডেস্ক :** বেশ কয়েকদিন ধরেই রাশিয়ার দখলে থাকা ভূখণ্ড পুনরুদ্ধারে পাল্টা আক্রমণ চালাচ্ছে ইউক্রেন। গত দুই সপ্তাহে রাশিয়ার বিরুদ্ধে পাল্টা আক্রমণে আজভ সাগর উপকূল বরাবর অংশে আটটি গ্রাম মুক্ত করার দাবি করেছে ইউক্রেন। গতকাল সোমবার দেশটির উপ-প্রতিরক্ষা মন্ত্রী বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। ইউক্রেনের উপ-প্রতিরক্ষা মন্ত্রী হান্না মালিয়ার বলেন, ইউক্রেনীয় বাহিনী কেবল পিয়াতিখাটকিই পুনরুদ্ধার করেনি, বরং দুই সপ্তাহের মধ্যে রাশিয়ান লাইনে সাত কিলোমিটার অগ্রসর হয়ে ১১৩ বর্গ কিলোমিটার ভূখণ্ড দখল করেছে।এর আগে, রোববার রাশিয়ান-নিযুক্ত একজন কর্মকর্তা বলেন, ইউক্রেন দক্ষিণ জাপোরিঝিয়া অঞ্চলের পিয়াতিখাটকি গ্রামের নিয়ন্ত্রণ নিয়েছে। অবশ্য পরে মস্কো তাদের বের করে দিয়েছে বললেও, গতকাল সোমবার সকালে তিনি জানান ইউক্রেন আবারও আক্রমণ করছে। মালিয়ার রাশিয়ান-অধিকৃত উপকূলরেখার দুটি শহরের নাম উল্লেখ করে টেলিগ্রামে এক পোস্টে বলেছেন, বার্দিয়ানস্ক এবং মেলিটোপোলের দিকে দুই সপ্তাহের আক্রমণাত্মক অভিযানে আটটি বসতিকে মুক্ত করা হয়েছে। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সৈন্যদের প্রচেষ্টার প্রশংসা করে বলেন, যত তাড়াতাড়ি সম্ভব অস্ত্র ও গোলাবারুদ সরবরাহের জন্য তিনি পশ্চিমা মিত্রদের সাথে আলোচনা চালিয়ে যাবেন। গত রোববার সন্ধ্যায় তিনি বলেন, আমাদের সৈন্যরা অগ্রসর হচ্ছে, অবস্থানের ভিত্তিতে, ধাপে ধাপে, আমরা এগিয়ে যাচ্ছি। প্রধান বিষয় হলো সরবরাহের গতি'। গতকাল সোমবার রাশিয়ান প্রতিরক্ষা মন্ত্রণালয় বলে, তাদের বাহিনী পূর্ব দোনেৎস্ক অঞ্চলের নোভোদোনেৎস্কে গ্রাম দখলের প্রচেষ্টাকে ব্যর্থ করেছে। এটি এমন একটি এলাকা যেখানে কিয়েভের পাল্টা আক্রমণকে কেন্দ্রীভূত করা হয়েছে। ইউক্রেন রাশিয়ার দখলে থাকা ১৮ শতাংশ অঞ্চল পুনরুদ্ধারের জন্য তার দীর্ঘ-প্রত্যাশিত পাল্টা আক্রমণে এক হাজার কিলোমিটার দীর্ঘ ফ্রন্টলাইনের বেশ কয়েকটি অংশে হামলার কথা স্বীকার করেছে। তবে কিয়েভ নিরাপত্তাজনিত কারণে বর্তমান ও ভবিষ্যৎ যুদ্ধের উপর ইনফরমেশন ব্ল্যাকআউট আরোপ করেছে। বিশ্লেষকরা বলছেন, পাল্টা আক্রমণের মূল পর্ব এখনো শুরু হয়নি। সাম্প্রতিক যুদ্ধে উভয়পক্ষই ভারী ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছে বলে মনে হচ্ছে, এবং উভয়পক্ষই শত্রুদের তুলনায় কম সৈন্য হারানোর কথা দাবি করেছে।

## ভূমধ্যসাগরে ৬৮ ডুবন্ত যাত্রী উদ্ধার

**আন্তর্জাতিক ডেস্ক :** ভূমধ্যসাগর থেকে ৬৮ জন ডুবন্ত যাত্রীকে উদ্ধার করেছে রাশিয়ার একটি যুদ্ধজাহাজ এবং একটি কার্গো জাহাজ। গতকাল সোমবার রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বিষয়টি জানিয়েছে। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, রাশিয়ার যুদ্ধজাহাজ অ্যাডমিরাল গার্শকভ প্রথম একটি ইয়ট থেকে আসা ডিসট্রেস কল বা বিপদ সংকেত শুনতে পায়। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, ডুবে যাওয়া নৌযানটি ছিল ইয়টের মতো। সেটিতে জার্মান এবং গ্রিক পতাকা উড়ছিল। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় আরও জানায়, অ্যাডমিরাল গার্শকভ এবং কার্গো জাহাজ পিঝমা ডুবন্তদের উদ্ধারে সফল অভিযান চালিয়েছে। তাদের প্রাথমিক চিকিৎসা দেয়ার পর ক্যালিমনোস দ্বীপের গ্রিক কোস্ট গার্ডের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় উদ্ধার হওয়া যাত্রীদের জাতীয়তা এবং পরিচয়ের বিষয়ে কোনো বিস্তারিত তথ্য দেয়নি।



## এক নৌকায় গ্রীসে ৩০০ পাকিস্তানি যুবকের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউরোপের যাবার পথে প্রায় গ্রিসের উপকূলে ভূমধ্যসাগরে নৌকা ডুবিতে শত শত অধিবাসীর মৃত্যু হয়। কতজন যে সাগরের পানিতে তলিয়ে যায় তার হিসাব কারো কাছে নেই। তবে মাঝে মধ্যে নৌকা ডুবির ঘটনায় লাশ উদ্ধার করা হয়। তারপর জানা যায়, কোন দেশের কতজন মারা গেছেন। এই প্রক্রিয়ায় প্রায় আফ্রিকা ও এশিয়ার নাগরিকদের লাশ পাওয়া যায়। এবার এক নৌকাতেই পাকিস্তানের প্রায় ৩০০ যুবকের মৃত্যুর ঘটনায় সে দেশে তোলপাড় চলছে। জানা যায়, সম্প্রতি গ্রিসের কাছে অভিবাসী বহনকারী একটি নৌকা ডুবে কয়েকশ মানুষের মৃত্যু হয়েছে বলে মনে করা হচ্ছে। তাদের মধ্যে প্রায় ৩০০ পাকিস্তানি ছিল বলে গত রোববার তাদের আত্মীয়স্বজন এবং পাকিস্তানের সংবাদমাধ্যম জানিয়েছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোতে বলা হয়েছে, গ্রিসের উপকূলে ডুবে যাওয়া একটি মাছ ধরা ট্রলারে নারী ও শিশুসহ ৭৫০ জন ছিল। পূর্ব লিবিয়া থেকে ইতালির উদ্দেশ্যে ছেড়ে যাওয়ার পাঁচ দিন পর গত বুধবার ভূমধ্যসাগরে গ্রিক উপকূলে এটি ডুবে যায়। দুর্ঘটনায় পাকিস্তানের শুধু ১২ জন নাগরিককে জীবিত উদ্ধার করা হয়েছে বলে দেশটির পররাষ্ট্রমন্ত্রণালয় নিশ্চিত করেছে। তারা বলেছে, নিহতদের মধ্যে পাকিস্তানিদের সংখ্যা এবং পরিচয় যাচাই করে দেখা হচ্ছে।

## তাইওয়ান ইস্যুতে কোনো ছাড় নয়, ব্লিঙ্কেনকে চীন


**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের শীর্ষ কূটনীতিক ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই বলেছেন, বেইজিং-ওয়াশিংটনের সম্পর্কের ঘাটতির জায়গাটা হচ্ছে, তার দেশের সম্পর্কে ভুল ধারণা রয়েছে আমেরিকার। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেনের সঙ্গে বৈঠকের পর এক বিবৃতিতে তিনি এ কথা জানান। গত পাঁচ বছরে প্রথম কোনো মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিসেবে বেইজিং সফর করছেন ব্লিঙ্কেন। তার এই সফর এখন আলোচনার কেন্দ্রে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের আকাশে চীনা 'গোয়েন্দা' বেলুন, তাইওয়ান ও বাণিজ্য ইস্যুতে দুই দেশের সম্পর্ক চরম পর্যায়ে রয়েছে।

## নাইজেরিয়ায় সংঘর্ষ, নিহত ১৩

**আন্তর্জাতিক ডেস্ক :** নাইজেরিয়ার মধ্যাঞ্চলে কৃষক ও পশুপালকদের দুটি সম্প্রদায়ের মধ্যে সংঘর্ষে ১৩ জন নিহত হয়েছেন।
স্থানীয় কর্তৃপক্ষ এ তথ্য নিশ্চিত করেছে।
সাম্প্রতিক সময়ে দেশটিতে কৃষক ও পশুপালক সম্প্রদায়কে বেশ কয়েক দফায় বিবাদে জড়িয়ে পড়তে দেখা গেছে।
গতকাল সোমবার বার্তাসংস্থা এএফপি এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে। এতে বলা হয়, সর্বশেষ গত শুক্রবার স্থানীয় ফুলানি সম্প্রদায়ের ৫জন রাখাল পশু নিয়ে বাজারে যাওয়ার পথে বেরোম সম্প্রদায়ের কৃষকদের একটি দল তাদের হত্যা করে।
এই ঘটনার প্রতিশোধ নিতে রাখালদের একটি দল বেরোম সম্প্রদায়ের কৃষকদের ওপর হামলা চালিয়ে ৮জনকে হত্যা করে। ফুলানি সম্প্রদায়ের প্রতিনিধি স্থানীয় নুরু আবদুল্লাহি জানিয়েছেন, শুক্রবার ফুলানি সম্প্রদায়ের ৫ রাখাল বিক্রির জন্য পশু নিয়ে বাজারে যাচ্ছিল। পথে রাউরু কমিউনিটিতে বেরোম সম্প্রদায়ের কৃষকরা তাদের থামায় এবং হত্যা করে।

## বিশ্বের বৃহত্তম ভাসমান শহর হতে যাচ্ছে প্যানজিওস

**আন্তর্জাতিক ডেস্ক :** আজ থেকে কয়েক কোটি বছর আগে পৃথিবীর বুকে বিরাজ করতো প্যানজিয়া নামে এক বিরাট মহাদেশ। সেই মহাদেশ বিলীন হয়ে যাওয়ার ২০ থেকে ৩৩ কোটি বছর পর সেই নামেই একটি ভাসমান ও চলমান শহর তৈরি হতে যাচ্ছে সৌদি আরবে। বিশ্বের ইতিহাসে সবচেয়ে বড় ভাসমান কাঠামো কোনটি? এর উত্তর না জানা থাকলেও সৌদি আরবের পরিকল্পনা বাস্তবায়িত হয়ে গেলে প্যানজিওসই হবে বিশ্বের সবচেয়ে বড় ভাসমান কাঠামো। প্যানজিওসের নির্মাণ ব্যয় ধরা হয়েছে ৮০০ কোটি ডলার। নকশা করেছে প্রখ্যাতা নকশাকারী ফার্ম ল্যাজারিনি। ল্যাজারিনির নকশায় তৈরি হতে যাওয়া এই অতিকায় ইয়টটির দৈর্ঘ্য হবে ৫৫০ মিটার বা ১৮০০ ফুট এবং প্রস্থ হবে ৬১০ মিটার বা ২০০০ ফুট। অতিকায় এই ইয়টটির আকৃতি হবে অনেকটা কচ্ছপের মতো। ল্যাজারিনি জানিয়েছে, অতিকায় এই ইয়টটিতে থাকবে বিভিন্ন ধরনের হোটেল, আবাসিক ভবন, বাংলো, শপিং মল এবং পার্কসহ বিভিন্ন নাগরিক সুবিধা।



# বিনোদন



## জালিয়াতির শিকার হয়ে বিপত্তিতে রাশমিকা

**বিনোদন ডেস্ক :** আর্থিক প্রতারণার শিকার অভিনেত্রী রশ্মিকা মন্দনা। শেষবার তাকে স্পাই থ্রিলার মিশন মজনু (২০২৩)-এ দেখা গেছে তাকে। বর্তমানে আল্লু অর্জুনের পুষ্পা ২-র কাজ নিয়ে ব্যস্ত রয়েছেন তিনি। অভিনেত্রী তার দীর্ঘদিনের ম্যানেজারের দ্বারা ৮০ লাখ রুপির (যা বাংলাদেশী টাকায় দশ কোটি পাঁচ লাখ একাশি হাজারেরও বেশি টাকা) প্রতারণার শিকার হয়েছেন তিনি। যদিও বর্তমানে এই ম্যানেজারকে বহিষ্কার করেছেন অভিনেত্রী। গোটা বিষয়টা জানার পরই সেই ম্যানেজারকে বরখাস্ত করেন রূপা। কেরিয়ারের শুরু থেকেই এই ম্যানেজার সঙ্গে ছিলেন অভিনেত্রীর। পিঙ্কভিলার রিপোর্ট অনুযায়ী ম্যানেজার রশ্মিকাকে ৮০ লাখ রুপি প্রতারণা করেছেন। যদিও গোটা ঘটনা নিয়ে এখনও মুখ খোলেননি রশ্মিকা। 'রশ্মিকাকে তার ম্যানেজার ৮০ লাখ রুপির প্রতারণা করেছেন। অভিনেত্রী এটা নিয়ে কোনো সিনক্রিয়েট করতে চাননি। ম্যানেজারকে বরখাস্ত করে বিষয়টার সঙ্গে মোকাবিলা করেছেন।', জানান অভিনেত্রীর খুব কাছের এক সূত্র। রশ্মিকা বর্তমানে পুষ্পা: দ্য রুল ফ্র্যাঞ্চাইজির দ্বিতীয় পার্টের শ্যুট করছেন। অল্লু অর্জুন এই সিনেমায় প্রধান চরিত্রে অভিনয় করেন। রশ্মিকা অভিনীত চরিত্রটির নাম ছিল শ্রীবল্লী। ২০২১ সালের হিট সিনেমা ছিল পুষ্পা। ছবিটি বিশ্বব্যাপী ৩০০ কোটির বেশি আয় করে। দ্বিতীয় পার্টও বেশ ভালো ব্যবসা করবে বলেই আশা রাখছেন বিশেষজ্ঞরা।
তার আসন্ন প্রকল্পগুলির মধ্যে রয়েছে অ্যানিমাল। যেটি পরিচালনা করেছেন সন্দীপ রেড্ডি ভাঙ্গা এবং এতে অভিনয় করেছেন রণবীর কাপুর, অনিল কাপুর এবং ববি দেওল। ১১ অগস্ট মুক্তি পাবে এই সিনেমা। ছবি বক্স অফিসে মুখোমুখি হবে 'গদর ২', 'জেইলার' আর 'ওএমজি ২'-এর।
সূত্রঃ জি নিউজ

## আসছে স্কুইড গেমের দ্বিতীয় সিজন

**বিনোদন ডেস্ক :** বহুল আলোচিত ও প্রতীক্ষিত কোরিয়ান ওয়েব সিরিজ 'স্কুইড গেম'-এর দ্বিতীয় সিজন আসছে। দীর্ঘ প্রতীক্ষার পর তুমুল জনপ্রিয় সিরিজটির দ্বিতীয় সিজনের আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে স্ট্রিমিং জায়ান্ট নেটফ্লিক্স। নতুন সিজনের তারকাদের পরিচয় করিয়ে দিয়ে একটি ভিডিও প্রকাশ করা হয়েছে। স্কুইড গেমের দ্বিতীয় সিজন নেটফ্লিক্সে নভেম্বরে মুক্তি পেতে পারে। ওটিটি জায়ান্ট নেটফ্লিক্স আনুষ্ঠানিকভাবে সিরিজের তারকা কাস্ট ঘোষণা করেছে। লি জাং জায়, লি বিয়ং হু, ওয়াই হা জুন এবং গং ইয়ো স্কুইড গেমের দ্বিতীয় সিজনে ফিরছেন আবারও। এ ছাড়া ৪ জন নতুন তারকাও যোগ দিচ্ছেন স্কুইড গেমের মৃত্যুখেলায়। সিরিজটির অফিসিয়াল তারকা কাস্টের ঘোষণা করে টুইটারে একটি ভিডিও শেয়ার করেছে নেটফ্লিক্স। ক্লিপটি প্রথম মৌসুমের ঝলক দিয়ে শুরু হয় এবং পরে মঞ্চে নুতন তারকাদের দেখায়।



## এক গরুতেই জোভান-পায়েলের কোরবানি!

**বিনোদন ডেস্ক :** মফস্বলের দুটো পাশাপাশি পরিবার। এক পরিবার জোভানের, অন্যটিতে পায়েল। জোভান ঢাকা থেকে ঈদের ছুটিতে বাড়ি গিয়ে শুনলেন, এবার তার বাবা পায়েলের বাবার সাথে যৌথভাবে কোরবানি দেবেন। গরু কেনা হবে একসঙ্গে। তারপর জোভান এবং পায়েলের মাঝে সেই গরু নিয়ে তৈরি হয় নানা জটিলতা। এমনই এক মফস্বলের প্রেমময় ও মজার গল্পে হাজির হবে সময়ের জনপ্রিয় জুটি ফারহান আহমেদ জোভান ও কেয়া পায়েল। দুজনকে নিয়ে বিশেষ নাটক 'কাটুস কুটুস কোরবানি' নির্মাণ করেছেন রাফাত মজুমদার রিংকু। এর চিত্রনাট্য করেছেন জোবায়েদ আহসান। নির্মাতা জানান, এর গল্পে দেখা যাবে কোরবানির গরুটিকে ঘিরে জোভান ও পায়েলের মধ্যে চলা নানা প্রতিযোগিতা। যেমন, জোভান চাইবেন গরুটা তার বাসায় থাকবে। পায়েল বলবেন, না আমার বাসায়। জোভান গরুকে খাওয়াতে মাঠে নিয়ে যাবে।

## নেপালের রাজধানীতে ভারতীয় সিনেমার প্রদর্শন বন্ধ

**বিনোদন ডেস্ক :** নেপালের রাজধানী কাঠমান্ডুতে ভারতীয় সিনেমার প্রদর্শন বন্ধ ঘোষণা করা হয়েছে। গত রোববার কাঠমান্ডুর মেয়র বালেন্দ্র শাহ এ নির্দেশ দিয়েছেন। দ্য হিন্দু এ খবর প্রকাশ করেছে। সংবাদমাধ্যমটি জানিয়েছে, প্রভাস অভিনীত 'আদিপুরুষ' সিনেমাকে কেন্দ্র করে জটিলতার সূচনা। কারণ এ সিনেমার একটি সংলাপে সীতাকে ভারতের কন্যা বলা হয়েছে। এ নিয়ে আপত্তি মেয়রের। তিন দিন আগে পরিচালককে সিনেমাটি থেকে সংলাপটি মুছে ফেলার অনুরোধ জানান মেয়র। এখন পর্যন্ত সংলাপটি না মুছার কারণে এই পদক্ষেপ নিয়েছেন মেয়র। কারণ সীতাকে জনকপুরের রাজা জনকের কন্যা বলে মনে করেন তারা। বিস্তারিত জানিয়ে মেয়র বালেন্দ্র শাহ বলেন- ''তিন দিন আগে 'আদিপুরুষ' সিনেমার পরিচালককে ফোন করে আপত্তিকর অংশটুকু মুছে ফেলার অনুরোধ করেছিলাম। নেপালের সার্বভৌমত্ব, স্বাধীনতা, আত্মসম্মান রক্ষা করা দেশটির সরকারি, বেসরকারি সংস্থা এবং প্রত্যেক নাগরিকের প্রথম দায়িত্ব। সিনেমাটি থেকে যদি আপত্তিকর অংশটুকু বাদ দেওয়া না হয়, তবে কাঠমান্ডুর সিটি করেপোরেশন এলাকার কোনো প্রেক্ষাগৃহে ভারতীয় সিনেমা প্রদর্শিত হবে না।'' এরই মধ্যে কাঠমান্ডুর সমস্ত প্রেক্ষাগৃহে নির্দেশ জারি করা হয়েছে, ভারতীয় কোনো সিনেমা যেন প্রদর্শিত না হয়।



## 'প্রিয়তমা'য় শাকিবকে দেখে মুগ্ধ অপু

**বিনোদন ডেস্ক :** ঢালিউড সুপারস্টার শাকিব খান অভিনীত সিনেমা 'প্রিয়তমা' কোরবানির ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পেতে যাচ্ছে। এর আগে, গত শনিবার সন্ধ্যায় প্রকাশ্যে এসেছে প্রিয়তমা ছবির ফার্স্টলুক। ৩০ সেকেন্ডে এই প্রথম ঝলকে নজর কেড়েছেন শাকিব খান। যা দেখে রীতিমতো মুগ্ধ তার সাবেক স্ত্রী অপু বিশ্বাসও। সামাজিক যোগাযোগ মাধ্যমে অপু জানিয়েছেন, 'প্রিয়তমা' লুক দেখে মুগ্ধ হয়েছেন। এ কারণে নিজের ফ্যান পেজে অপু শুভ কামনাও জানিয়েছেন শাকিবকে। 'প্রিয়তমা'র ফার্স্টলুক নিয়ে জানতে চাইলে অপু বিশ্বাস গণমাধ্যমকে বলেন, সব ভালো চলচ্চিত্রের প্রতি আমার শুভকামনা সব সময় থাকবে। সত্যি কথা বলতে 'প্রিয়তমা'য় শাকিবের এই লুকটায় আমি মুগ্ধ। আমার দেখে এত ভালো লেগেছে, আমি সেই ভালো লাগা আটকে রাখতে পারিনি। সেখান থেকে শেয়ার করা। নিঃসন্দেহে এটা আমার সহশিল্পী, যার সঙ্গে আমি প্রায় ৮০টির মতো ছবিতে অভিনয় করেছি, তার এ ধরনের অসাধারণ ফার্স্ট লুক দেখে তো শুভ কামনা জানাবই।

## ২২ সিনেমার জন্য ১৩ কোটি ১৫ লাখের সরকারি অনুদান

**বিনোদন ডেস্ক :** ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ সরকারের অনুদান পাচ্ছে ২২টি পূর্ণদৈর্ঘ্য ও ৬টি স্বল্পদৈর্ঘ্য সিনেমা। অনুদান পাওয়া সিনেমার তালিকা রোববার এক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করেছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। ২২টি পূর্ণদৈর্ঘ্য সিনেমার মধ্যে মুক্তিযুদ্ধভিত্তিক শাখায় ১টি, মুক্তিযুদ্ধভিত্তিক শিশুতোষ শাখায় ১টি, শিশুতোষ শাখায় ২টি ও সাধারণ শাখায়



১৮টি সিনেমাকে অনুদান দেয়া হয়েছে। এ ছাড়া স্বল্পদৈর্ঘ্য বিভাগে অনুদান দেয়া হয়েছে ৬টি চলচ্চিত্রকে। এ বছর পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে সর্বোচ্চ ৬৫ লাখ টাকা অনুদান পেয়েছেন নূর ইমরান মিঠু ও মাতিয়া বানু শুকু। 'সার্কাস' সিনেমার জন্য এ অর্থ বরাদ্দ পেয়েছেন মিঠু। সিনেমাটি পরিচালনাও করবেন তিনি। অন্যদিকে মাতিয়া বানু শুকু পেয়েছেন 'লাল মিয়া' নামের সিনেমার জন্য। এটি পরিচালনা করবেন পরিচালক নুরুল আলম আতিক। মুক্তিযুদ্ধভিত্তিক শাখায় অনুদান পেয়েছেন বদরুন নাহার রক্সি। 'যুদ্ধ শিশু' সিনেমার জন্য তিনি বরাদ্দ পেয়েছেন ৬০ লাখ টাকা। সিনেমাটি পরিচালনা করবেন মোহাম্মদ উল্লাহ। মুক্তিযুদ্ধভিত্তিক শিশুতোষ শাখায় 'ভোর' সিনেমার জন্য ৬০ লাখ টাকা অনুদান পেয়েছেন মাহিন মাহনুমা। পরিচালনার দায়িত্বে রয়েছেন আমিনুর রহমান খান। শিশুতোষ শাখায় 'মাটির রাজকুমার' সিনেমার জন্য ৬০ লাখ টাকা অনুদান পেয়েছেন শামীমা ইসলাম তুষ্টি। সিনেমাটি পরিচালনা করবেন রুবেল শঙ্কর বিশ্বাস। একই শাখায় একই পরিমাণ অর্থ অনুদান পেয়েছেন আঁকা রেজা গালিব। 'মস্ত বড়লোক' নামের সিনেমাটি পরিচালনাও করবেন তিনি। এছাড়া সাধারণ শাখায় 'দেনা পাওনা'; প্রযোজক ও পরিচালক সাদেক সিদ্দিকি ৫৫ লাখ টাকা, 'মাস্টার'; প্রযোজক ও পরিচালক রেজওয়ান শাহরিয়ার সুমিত ৬০ লাখ, 'দ্য আগস্ট'; প্রযোজক ও পরিচালক মাসুদ পথিক ৬০ লাখ, 'রেনুর মুক্তিযুদ্ধ'; প্রযোজক ও পরিচালক রোকেয়া প্রাচী ৬০ লাখ, 'লারা'; প্রযোজক জ্যোতিকা পাল জ্যোতি, পরিচালক: শেখর দাশ ৬০ লাখ, 'দুই পয়সার মানুষ'; প্রযোজক ও পরিচালক ঝুমুর আসমা জুঁই ৫৮ লাখ, 'সর্দারবাড়ির খেলা'; প্রযোজক মীর জাহিদুল হাসান (মীর জাহিদ হাসান) ও অন্যান্য।